
জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক প্রকাশিত

# শিক্ষক নির্দেশিকা

# চারু ও কারুকলা

## পঞ্চম শ্রেণি



**লেখক ও সম্পাদক**

মোস্তফা মনোয়ার
হাশেম খান
রবিউল ইসলাম
জাকির হোসেন ফকির

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড
৬৯-৭০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা - ১০০০
কর্তৃক প্রকাশিত।

[প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত]

প্রথম মুদ্রণ : আগস্ট, ২০১৬

ছবি ও অন্যান্য নকশা
মোঃ রবিউল ইসলাম
জাকির হোসেন ফকির

আলোকচিত্র
মোঃ রবিউল ইসলাম

সমন্বয়কারী
ড. নাছিমা বেগম

ডিজাইন
জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীন তৃতীয় প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচির আওতায়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক বিনামূল্যে বিতরণের জন্য

মুদ্রণে: হুনান তিয়ানওয়েন জিনহুয়া প্রিন্টিং কো. লি. হুনান প্রভিন্স, চায়না

# প্রসঙ্গ-কথা

প্রাথমিক স্তরের যোগ্যতাভিত্তিক শিক্ষাক্রম দেশের সকল প্রাথমিক বিদ্যালয়ে ১৯৯২ সালে প্রবর্তন করা হয়। শিক্ষাক্রম উন্নয়ন একটি ধারাবাহিক প্রক্রিয়া। এই পরিপ্রেক্ষিতে ২০০২ সালে যোগ্যতাভিত্তিক শিক্ষাক্রম প্রথম বারের মতো পরিমার্জন করা হয়। 'জাতীয় শিক্ষানীতি ২০১০' প্রণীত হওয়ার পর ২০১১ সালে প্রাথমিক শিক্ষাক্রম পুনরায় পরিমার্জন করা হয়। প্রাথমিক শিক্ষার লক্ষ্য, উদ্দেশ্য ও প্রান্তিক যোগ্যতা থেকে শুরু করে বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা, শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা ও শিখনফল নতুনভাবে নির্ধারণ করা হয়। শিক্ষার্থীর পরিপূর্ণ বিকাশের বিষয়টিকে এক্ষেত্রে সর্বোচ্চ গুরুত্বের সঙ্গে বিবেচনা করা হয়েছে। পরিমার্জিত নতুন শিক্ষাক্রমের আলোকে ২০১৩ সালে প্রথম থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত সারা দেশে নতুন পাঠ্যপুস্তক বিতরণ করা হয়। শিখন-শেখানো কার্যক্রমের আধুনিকায়নের লক্ষ্যে পাঠ্যপুস্তকের বিষয়বস্তু উপস্থাপনে সাম্প্রতিক আন্তর্জাতিক পদ্ধতি ও কৌশল অনুসরণ করা হয়েছে। শিক্ষাক্রমের সফল বাস্তবায়নের লক্ষ্যে একই সঙ্গে যেসব বিষয়ের জন্য পাঠ্যপুস্তক রয়েছে সেগুলোর জন্য শিক্ষক সংস্করণ, যেসব বিষয়ে শিক্ষার্থীদের জন্য কোনো পাঠ্যপুস্তক নেই সেগুলোর জন্য শিক্ষক নির্দেশিকা এবং শিক্ষক সহায়িকা প্রণয়ন করা হয়।

প্রাথমিক স্তরে **চারু ও কারুকলা** একটি আবশ্যকীয় বিষয়। ১ম থেকে ৫ম শ্রেণি পর্যন্ত এই বিষয়ে শিক্ষার্থীদের জন্য কোনো পাঠ্যপুস্তক নেই। কাজেই প্রত্যেক শ্রেণিতে শিক্ষকের জন্য আলাদা আলাদা শিক্ষক নির্দেশিকা প্রণয়ন করা হয়েছে। শিশুর সার্বিক বিকাশের লক্ষ্যে সৃজনশীলতা ও নান্দনিক বিকাশ এবং সুস্থ দেহ-মন গঠনের প্রয়োজনীয়তার উপর গুরুত্ব আরোপ করে সংশ্লিষ্ট শ্রেণির অর্জন উপযোগী যোগ্যতা চিহ্নিত করা হয়েছে। চারু ও কারুকলার শিক্ষক নির্দেশিকায় প্রতিটি অধ্যায়কে কয়েকটি পাঠে বিভাজন করা হয়েছে। শিক্ষক নির্দেশিকার প্রতিটি পাঠে পাঠসংশ্লিষ্ট বিষয়বস্তু, শিখন-শেখানো কার্যাবলি, ধারাবাহিক মূল্যায়নের নির্দেশনা, নিরাময়মূলক ব্যবস্থা, পরিকল্পিত কাজ, সামষ্টিক মূল্যায়নের নমুনা প্রশ্ন ইত্যাদি সংযোজন করা হয়েছে। প্রত্যেক শিক্ষকেরই নিজস্ব শিক্ষণ পদ্ধতি ও পাঠ উপস্থাপনের কৌশল রয়েছে। শিক্ষক তাঁর নিজস্ব চিন্তা-ভাবনার সঙ্গে শিক্ষক নির্দেশনায় বর্ণিত পদ্ধতির সমন্বয় সাধন করে শিখন-শেখানো কার্যক্রম পরিচালনা করবেন– এমনটাই প্রত্যাশা করছি।

উল্লেখ্য, শিক্ষক নির্দেশিকাটি প্রণয়ন, যৌক্তিক মূল্যায়ন ও চূড়ান্তকরণের কাজে বিভিন্ন পর্যায়ে শ্রেণি শিক্ষক, শিক্ষক প্রশিক্ষক, শিক্ষণ বিশেষজ্ঞ, শিক্ষাক্রম বিশেষজ্ঞ ও বিষয় বিশেষজ্ঞগণ অংশগ্রহণ করেছেন। শিক্ষক নির্দেশিকাসমূহ শ্রেণিকক্ষে শিখন-শেখানো কার্যক্রম পরিচালনার জন্য উপযোগী হয়েছে কি না তা যাচাই করার জন্য ২০১৫ শিক্ষাবর্ষে দেশের সাতটি বিভাগের মোট ৩০টি প্রাথমিক বিদ্যালয়ে ট্রাই আউট সম্পন্ন করা হয়েছে।

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের প্রাথমিক শিক্ষাক্রম উইং এর প্রত্যক্ষ তত্ত্বাবধানে শিক্ষক নির্দেশিকাটি প্রণীত হয়েছে। এটি রচনা, সম্পাদনা, যৌক্তিক মূল্যায়ন ও পরিমার্জন থেকে মুদ্রণ পর্যন্ত যাঁরা মেধা এবং শ্রম দিয়েছেন তাঁদের সকলকে জানাই আন্তরিক ধন্যবাদ। যাঁদের জন্য এটি প্রণীত ও প্রকাশিত হলো, অর্থাৎ প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকবৃন্দ শ্রেণিকক্ষে এর যথাযথ ব্যবহার নিশ্চিত করলে দেশের প্রাথমিক স্তরের শিক্ষার্থীরা উপকৃত হবে এবং আমাদের এই উদ্যোগ ও প্রয়াস সফল হবে। এর ফলে দেশের প্রাথমিক স্তরে শিক্ষার গুণগত মানও বৃদ্ধি পাবে বলে আশা করা যায়। শিখন-শেখানো কার্যক্রমের এই মহৎ আয়োজন বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করছি।

**প্রফেসর নারায়ণ চন্দ্র সাহা**
চেয়ারম্যান
জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

# শিক্ষকের জন্য নির্দেশনা

শিশুদের সুযোগ করে দিলে শিশুরা অনেক সুন্দর কাজ এমনকি সৃষ্টিশীল কাজ করতে পারে। তাদের মেধা থাকে সুপ্ত বা অনাবিষ্কৃত। শিশুদের ছবি আঁকতে দিলেই তা সহজেই বোঝা যায়। কখনো কখনো স্বভাবগতভাবে তা বিকশিত হলেও এর সঠিক চর্চা যথাযথ এবং অনুপ্রেরণার অভাবে বিকাশলাভ হয় না। শিশু যদি তার পরিবার থেকে সৃষ্টিশীল কাজে (ছবি আঁকা, গান গাওয়া, আবৃত্তি, খেলাধূলা) চর্চার সুযোগ এবং অনুপ্রেরণা পায় তাহলে তার প্রতিভা বিকাশের পথ সহজতর হয়। পাশাপাশি শিশুর মানসিক বিকাশ ঘটে। অনেক বিষয়ে শিখতে শিশু আগ্রহী হয়। তার মেধা বেড়ে যায়। শিশু হয়ে ওঠে বুদ্ধিমান, সৃষ্টিশীল ও পরিমিতিবোধ সম্পন্ন।

শিশুদেরকে প্রাতিষ্ঠানিকভাবে চারু ও কারু কলা বিষয়ে শিক্ষাদানের সহায়ক হিসেবে এই শিক্ষক নির্দেশিকা রচিত হয়েছে। এই নির্দেশিকাটি শিশুদের কাছে সরাসরি না পৌঁছালেও সংশ্লিষ্ট শিক্ষক এটি অনুসরণ করে নিজের বিচার বুদ্ধি এবং অভিজ্ঞতার আলোকে শিশুদেরকে শিক্ষাদান করবেন। চারু ও কারু কলা বিষয়ে উপযুক্ত প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকের অপ্রতুলতা থাকলেও এই বিষয়ে পাঠদানকারী নির্দিষ্ট শিক্ষক নির্দেশিকাটি যদি অনুসরণ করেন এবং প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করেন তাহলেও শিশুদেরকে এই বিষয়ে শিক্ষাদানে সক্ষম হবেন। নির্দেশিকাতে বর্ণিত বিষয়াবলী এবং পদ্ধতিগত দিকসমূহ আত্মস্থ করার মাধ্যমে শিক্ষকগণ শিশুদের সুপ্ত প্রতিভা উন্মোচিত হওয়ার পথকে মসৃণ এবং সুগম করতে সক্ষম হবেন। প্রাথমিক স্তরে চারু ও কারু কলা একটি আবশ্যকীয় বিষয়। তাই এই বিষয়ে পাঠদানের জন্য শিক্ষককে প্রয়োজনীয় প্রস্তুতিসহ শিশুদের উপযোগী আনন্দঘন পরিবেশ সৃষ্টি করতে হবে। শিশুদের ছবি আঁকার সময় প্রশংসাসুলভ বাক্য প্রয়োগ এবং স্বাধীনভাবে কাজ করতে উৎসাহিত করবেন। শিশুর মনে যেন কোনো প্রকার চাপ সৃষ্টি না হয় সেদিকে বিশেষভাবে লক্ষ রাখবেন। ভবিষ্যতে চারুকলা বিষয়ে লেখাপড়া ছাড়াও অন্যান্য বিষয় যেমন বিজ্ঞান, চিকিৎসা বিজ্ঞান, প্রকৌশল বিজ্ঞানসহ অন্যান্য উচ্চতর বিষয়ে লেখাপড়ার জন্য চারু ও কারুকলার গুরুত্ব অনুধাবন করবেন এবং শিশুদেরকে এই পাঠে উৎসাহী ও মনোযোগী করে তুলবেন। মূল্যায়নের ক্ষেত্রে শ্রেণিকক্ষে অনুশীলন, বাড়ির কাজ এবং শ্রেণি পরীক্ষা নম্বর ৪০% এবং সাময়িক পরীক্ষায় নম্বর ৬০% করে নির্ধারণ করতে হবে।। তার ফলে শিশু এবং অভিভাবকদের মাঝে এই বিষয়ের প্রতি আগ্রহ এবং গুরুত্বের সৃষ্টি হবে। শিশুর কল্পনা শক্তি, সৌন্দর্যবোধ ও পরিমিতিবোধ তাকে একজন স্বয়ংসম্পূর্ণ, দক্ষ এবং সৃষ্টিশীল মানুষে পরিণত করবে। **শ্রেণিতে ও বাড়িতে আঁকা ছবির জন্য এবং অন্যান্য কারুশিল্পের জন্য অবশ্যই শ্রেণি শিক্ষক প্রতিটি কাজের মূল্যায়ণের ক্ষেত্রে ১০০ নম্বর ধরে শিশুকে নম্বর দেবেন। এই নম্বর শ্রেণির অন্যান্য বিষয়ের সঙ্গে একীভূত করে শ্রেণির শেষ পরীক্ষায় শিক্ষার্থীদের ফলাফল নির্ধারণ করে দিতে হবে।**

প্রাথমিক পর্যায়ে অর্থাৎ পঞ্চম শ্রেণি পর্যন্ত শিশুদের ছবি আঁকা এই শিক্ষক নির্দেশিকার মাধ্যমেই সম্পন্ন হবে। অন্য কোনো বই, গাইড বই ইত্যাদি শিশুদের হাতে দেওয়া যাবে না। শিশু তাঁর ইচ্ছেমতোই ছবি আঁকবে। শিক্ষক শুধু নির্দেশিকা অনুযায়ী শিশুদের মানসিক অবস্থা, সামাজিক অবস্থা ইত্যাদি বিবেচনা করে ছবি আঁকায় সহযোগিতা করে যাবেন। শিক্ষক কোনো কারণেই শিশুর আঁকার কাগজে ছবি আঁকা দেখাতে যাবেন না। শিশুর ছবিতে হাত দেবেন না। ছবি আঁকার রঙ, তুলি, কাগজ ও অন্যান্য প্রয়োজনীয় সামগ্রী সবসময় তার হাতের কাছে রাখতে সাহায্য করবেন।

শিশুকে কখনোই বলা যাবে না যে, তোমার আঁকা ভালো হয়নি কিংবা সুন্দর হয়নি। আরও সুন্দর করে আঁকো। অর্থাৎ নেতিবাচক কথাবার্তা শিশুর সঙ্গে বলা যাবে না। বরং বলতে হবে সে ভালো আঁকে, আরো বেশি বেশি রঙ লাগাও। নিজে নিজে আঁকলেই সেই ছবি সুন্দর হয় ইত্যাদি প্রশংসামূলক কথা বলে শিশুকে উৎসাহ দিতে হবে।




জয়নুল আবেদিন দুর্ভিক্ষ কালি-তুলি



জয়নুল আবেদিন বিদ্রোহী গরু জল রঙ



কামরুল হাসান　　　　তিনকন্যা　　　　তেল রঙ



এস এম সুলতান    অবসর-সময়ে    তেল রঙ



সফিউদ্দিন আহমেদ মাছ ধরার জাল এচিং এ্যাকুয়াটিন্ট



মোহাম্মদ কিবরিয়া স্বাধীনতা তেল রঙ

# সূচিপত্র : পঞ্চম শ্রেণি


| অধ্যায় | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|
| ১. প্রথম অধ্যায় | ছবি আঁকার প্রাথমিক উপকরণের সাথে পরিচিতি | ১-৬ |
| ২. দ্বিতীয় অধ্যায় | খেয়াল খুশি মতো ছবি আঁকা | ৭-১৪ |
| ৩. তৃতীয় অধ্যায় | অভিজ্ঞতা ভিত্তিক ও পর্যবেক্ষণের মাধ্যমে ছবি আঁকা | ১৫-২২ |
| ৪. চতুর্থ অধ্যায় | বর্ণমালা লেখা/সুন্দর হাতের লেখার অভ্যাস করা | ২৩-২৭ |
| ৫. পঞ্চম অধ্যায় | রেখাচিত্র অঙ্কন | ২৮-৩২ |
| ৬. ষষ্ঠ অধ্যায় | মৌলিক রঙের সাথে পরিচিত হওয়া এবং ছবি এঁকে রঙ করা | ৩৩-৩৯ |
| ৭. সপ্তম অধ্যায় | অন্যান্য উপকরণের সাথে পরিচিত হওয়া | ৪০-৪২ |
| ৮. অষ্টম অধ্যায় | কাদামাটি দিয়ে বিভিন্ন জিনিস তৈরি করা | ৪৩-৫১ |
| ৯. নবম অধ্যায় | রঙিন ও সাদাকালো কাগজ ছিঁড়ে বা কেটে আঠা লাগিয়ে নানা রকম শিল্পকর্ম তৈরি এবং রঙিন টুকরো কাপড় কেটে আঠা দিয়ে লাগিয়ে ছবি তৈরি করা | ৫২-৬১ |
| ১০. দশম অধ্যায় | পাটখড়ি, খেজুর পাতা, নারিকেল পাতা, কলাপাতা, নুড়ি পাথর, ঝিনুক,ডিমের খোসা, ছোট বড় কাঠের টুকরো ইত্যাদি উপকরণ দিয়ে শিল্পকর্ম তৈরি করা | ৬২-৬৭ |
| ১১. একাদশ অধ্যায় | পাট দিয়ে রশি, বেনী ও অন্যান্য সহজ জিনিস তৈরি করতে শেখা | ৬৮-৭৩ |
| ১২. দ্বাদশ অধ্যায় | বিভিন্ন জিনিস রঙ করতে পারা | ৭৪-৭৭ |
| ১৩. ত্রয়োদশ অধ্যায় | আধুনিক প্রযুক্তির মাধ্যমে ছবি আঁকা | ৭৮-৮৮ |

# পঞ্চম শ্রেণি



প্রথম অধ্যায়

# ছবি আঁকার প্রাথমিক উপকরণের সাথে পরিচিতি

## অর্জন উপযোগী যোগ্যতা

১.১ শিশুদের ছবি আঁকার বিভিন্ন রকমের রং, তুলি, পেনসিল এবং বিভিন্ন প্রকার পেনসিলের বৈশিষ্ট্যগত পার্থক্য জানা (2B, 3B, 4B, 6B) ইত্যাদি ।

## শিখন ফল

১.১.১ রঙের প্রকারভেদ এবং ব্যবহারের পদ্ধতি সম্পর্কে বলতে পারবে ।
১.১.২ তুলি কী এবং ভিন্ন ভিন্ন মাপের তুলি ব্যবহারের প্রয়োজনীয়তা সম্পর্কে বলতে পারবে ।
১.১.৩ ছবি আঁকার উপযুক্ত বিভিন্ন পেনসিল এবং ব্যবহারের সুবিধা-অসুবিধা সম্পর্কে বলতে পারবে ।

## পাঠ বিভাজন–৩টি পাঠ

### পাঠ-১

শিশুরা পূর্বের শ্রেণিগুলোতে বিভিন্ন উপকরণের সাথে পরিচিতির পাশাপাশি সেসব উপকরণ ব্যবহার করতে শিখেছে। এই পাঠে শিক্ষকগণ শিশুদের ছবি আঁকার উপযোগী বিভিন্ন প্রকার রঙের সাথে পরিচিত করবেন এবং সেই সব রং ব্যবহারের পদ্ধতি সম্পর্কে ধারণা প্রদান করবেন ।

## শিখনফল

১.১.১ রঙের প্রকারভেদ এবং ব্যবহারের পদ্ধতি সম্পর্কে বলতে পারবে ।

## উপকরণ

জলরং, পোস্টার রং, এ্যাক্রিলিক রং, তেল রং, রঙিন পেনসিল, রঙিন কলম ইত্যাদি ।



## বিষয়বস্তু

১.১.১ বিভিন্ন রঙের মাধ্যমে আঁকা ছবি দেখা এবং ব্যবহার করতে শেখা ।

## শিখন শেখানো কার্যাবলি

এই পাঠে শিক্ষকগণ শিশুদের ছবি আঁকার বিভিন্ন প্রকার রঙের সাথে পরিচিত করবেন । শিশুরা উপকরণের নাম জানার পাশাপাশি সেগুলো সম্পর্কে বিস্তারিত ধারণা যেন পায়, সে বিষয়ে শিক্ষকগণ সচেষ্ট হবেন ।

## পরিকল্পিত কাজ

শিক্ষকগণ শ্রেণিকক্ষে বিভিন্ন রঙের মাধ্যমে আঁকা ছবি যেমন—জল রং, পোস্টার রং, অ্যাক্রিলিক রং, তেলরঙ, রঙিন পেনসিল, রঙিন কলম ইত্যাদি প্রদর্শন করবেন এবং পাশাপাশি উপকরণগুলো প্রদর্শন করবেন। উপকরণের নাম জানতে সাহায্য করবেন। জল রঙে আঁকার কৌশল এবং বৈশিষ্ট্য (স্বচ্ছ রং) সম্পর্কে আলোচনা করবেন। পোস্টার রঙে ছবি আঁকার কৌশল এবং বৈশিষ্ট্য (অস্বচ্ছ রং) সম্পর্কে আলোচনা করবেন। অ্যাক্রিলিক রঙের বৈশিষ্ট্য যেমন স্বচ্ছ এবং অস্বচ্ছ উভয় বিষয়ে আলোচনা করবেন। তেল রঙের মাধ্যম অর্থাৎ কীভাবে রঙের সাথে তেল মিশিয়ে রং ব্যবহার করতে হয় সে সম্পর্কে ধারণা প্রদান করবেন। তবে এই শ্রেণিতে তেলরঙের মাধ্যমে ছবি আঁকা প্রয়োজন নেই শিক্ষকগণ কেবল মাধ্যমটি সম্পর্কে শিশুদের অবহিত করবেন। পাশাপাশি বিভিন্ন প্রকার রঙিন পেন্সিল এবং রঙিন কলম চিনতে সাহায্য করবেন এবং ব্যবহারের কৌশল সম্পর্কে বিস্তারিত ধারণা প্রদান করবেন।

## মূল্যায়ন

এই পাঠ অনুশীলনের মাধ্যমে শিশুরা রঙের বিভিন্ন প্রকারভেদ সুস্পষ্ট ধারণা পেয়েছে কি না তা পর্যবেক্ষণ করবেন। বিভিন্ন রঙের মাধ্যমে আঁকা ছবি শিশুরা শনাক্ত করতে পারছে কি না তা পরীক্ষা করবেন। কোনো শিশু এই পাঠ সম্পর্কে তুলনামূলক কম ধারণা পেয়ে থাকলে তার প্রতি বিশেষ যত্নবান হবেন এবং অতিরিক্ত সময় দিয়ে শিশুকে স্পষ্টভাবে ধারণা পেতে সাহায্য করবেন।

## পাঠ-২

পূর্বেপাঠে শেখানো বিষয় শিশুরা কতটুকু মনে রাখতে পেরেছে, সে সম্পর্কে শিক্ষকগণ আলোচনার মাধ্যমে পর্যবেক্ষণ করবেন। এই পাঠে শিক্ষকগণ শিশুদের ছবি আঁকার বিভিন্ন প্রকার রঙের পাশাপাশি বিভিন্ন মাপের তুলি সম্পর্কে ধারণা দেবেন।

## শিখনফল

১.১.২ তুলি কী এবং ভিন্ন ভিন্ন মাপের তুলি ব্যবহারের প্রয়োজনীয়তা সম্পর্কে বলতে পারবে।

## উপকরণ

বিভিন্ন মাপের তুলি, যেমন: ০০.০ থেকে ২০ নম্বর পর্যন্ত সাধারণ গোলাকার তুলি এবং চ্যাপ্টা তুলি।



## বিষয়বস্তু

১.১.১ ছবি আঁকার ক্ষেত্রে প্রয়োজনানুসারে ভিন্ন ভিন্ন তুলির ব্যবহার সম্পর্কে জানা ।

## শিখন শেখানো কার্যাবলি

এই পাঠে শিক্ষকগণ শিশুদের ছবি আঁকার জন্য প্রয়োজনানুসারে তুলির সাথে পরিচিত এবং ব্যবহার সম্পর্কে ধারণা প্রদান করবেন । জল রঙ মাধ্যমে ছবি আঁকার উপযুক্ত তুলি এবং তেলরঙ মাধ্যমে ছবি আঁকার উপযুক্ত তুলি চিনতে সাহায্য করবেন ।

## পরিকল্পিত কাজ

শিক্ষকগণ শ্রেণিকক্ষে পাঠদানের পূর্বপ্রস্তুতি হিসেবে ছবি আঁকার উপযুক্ত বিভিন্ন তুলি সংগ্রহ করে এনে শিশুদের দেখাবেন। তাদের হাতে দিয়ে নেড়েচেড়ে দেখতে উৎসাহিত করবেন। অপেক্ষাকৃত সরু এবং মোটা তুলি ব্যবহারের প্রয়োজনীয়তা এবং সুবিধা সম্পর্কে ধারণা প্রদান করবেন। এছাড়া ছবি আঁকার সময় কোন কোন অংশ রং করতে ফ্লাট ব্রাশ ব্যবহার করলে অপেক্ষাকৃত সহজ ও সাবলীলভাবে রং করা যায়, সে সম্পর্কে ধারণা প্রদান করবেন। এ ক্ষেত্রে শিক্ষকগণ বিভিন্ন রঙের মাধ্যমে আঁকা কয়েকটি ছবি শ্রেণিকক্ষে প্রদর্শনের মাধ্যমে শিশুদেরকে কোন কোন অংশ তুলির মাধ্যমে আঁকা সে বিষয়ে আলোচনা করতে পারেন। এ ছাড়া সরু বা মোটা তুলি দিয়ে হাতের চাপের ভিন্নতায় সরু কিংবা চওড়াভাবে রঙ প্রয়োগ সম্পর্কে ধারণা প্রদান করবেন। পাশাপাশি তেলরঙের মাধ্যমে ছবি আঁকার উপযুক্ত ভিন্ন ভিন্ন মাপের তুলি প্রদর্শন করে শিশুদের জলরঙের তুলি ও তেলরঙের তুলির পার্থক্য সম্পর্কে ধারণা প্রদান করবেন।

## মূল্যায়ন

শিশুরা বিভিন্ন প্রকার তুলি চিনতে এবং ব্যবহারের বিষয়ে সঠিক ধারণা পেয়েছে কি না সেই বিষয়ে শিক্ষকগণ পর্যবেক্ষণ করবেন। জল রঙের তুলি এবং তেল রঙের তুলি আলাদাভাবে শনাক্ত করতে পারছে কি না সেটা পরীক্ষা করবেন।

## পাঠ-৩

এই পাঠে শিক্ষকগণ শিশুদের শুধু পেনসিলের মাধ্যমে ছবি আঁকার বিষয়ে ধারণা দেবেন এবং বিভিন্ন প্রকার পেনসিলের বৈশিষ্ট্যগত পার্থক্য সম্পর্কে ধারণা প্রদান করবেন।

## শিখন ফল

১.১.৩ ছবি আঁকার উপযুক্ত বিভিন্ন পেনসিল এবং ব্যবহারের সুবিধা-অসুবিধা সম্পর্কে বলতে পারবে।

## উপকরণ

বিভিন্ন প্রকার পেনসিল, যেমন: 2B. 3B, 4B, 6B ইত্যাদি।

## বিষয়বস্তু

১.১.১ পেনসিলের মাধ্যমে আলোছায়া দেখিয়ে ছবি আঁকার পদ্ধতি সম্পর্কে জানা।




## শিখন শেখানো কার্যাবলি

এই পাঠে শিক্ষকগণ শিশুদের ছবি আঁকার অন্যান্য উপকরণ বিভিন্ন প্রকার রং-এর পাশাপাশি বিভিন্ন মাপের পেনসিলের মাধ্যমে ছবি আঁকার বিষয়ে ধারণা প্রদান করবেন। আলোছায়া দেখিয়ে ছবি আঁকার উপযুক্ত পেনসিল চিনতে সহায়তা প্রদান করবেন।

## পরিকল্পিত কাজ

শিক্ষকগণ শিশুদের প্রদর্শনের জন্য বিভিন্ন রকম পেনসিল সংগ্রহ করে পাঠদান শুরু করবেন। শুধু পেনসিলের সাহায্যে ছবি আঁকার উপযুক্ত পেন্সিল যেমন: 2B. 3B, 4B, 6B ইত্যাদি পেনসিল চেনার পাশাপাশি পর্যায়ক্রমে পেনসিলের বৈশিষ্ট্য অর্থাৎ তুলনামূলক কম নরম এবং কম গাঢ় থেকে ক্রমান্বয়ে বেশি মাপের পেনসিল তুলনামূলক বেশি নরম এবং বেশি গাঢ় সম্পর্কে ধারণা প্রদান করবেন। পাশাপাশি পেনসিলের মাধ্যমে আলোছায়া দেখিয়ে আঁকা কিছু ছবি শিশুদের দেখাবেন এবং ছবির কোন অংশে কোন পেনসিল ব্যবহার করা হয়েছে সেটা সম্পর্কে ধারণা প্রদান করবেন।

## মূল্যায়ন

শিশুরা সঠিকভাবে পেনসিল চিনতে পারছে কিনা এবং ছবি দেখে পেনসিলের ব্যবহার সম্পর্কে বলতে পারছে কি না, তা পর্যবেক্ষণ করবেন। কোনো শিশু তুলনামূলক পিছিয়ে থাকলে বিশেষ যত্নের সাথে শিশুকে বুঝিয়ে দেবেন।

## দ্বিতীয় অধ্যায়

# খেয়াল-খুশিমতো ছবি আঁকা

### অর্জন উপযোগী যোগ্যতা

২.১ পরিচিত যেকানো বস্তু, প্রাকৃতিক দৃশ্য, ভাষা আন্দোলন, মুক্তিযুদ্ধ, বিষয়ক স্মৃতিস্তম্ভ ইত্যাদি নিজের ইচ্ছেমতো আঁকা।

### শিখন ফল

২.১.১ পরিচিত বিভিন্ন জিনিস কল্পনা থেকে আঁকতে পারবে।

২.১.২ পরিচিত বিভিন্ন প্রাকৃতিক দৃশ্য স্মৃতি থেকে আঁকতে পারবে।

২.১.৩ ঐতিহাসিক বিষয়ভিত্তিক ছবি আঁকতে পারবে।

## পাঠ বিভাজন-৬টি পাঠ

### পাঠ-১

এই পাঠে শিশুরা তার চারপাশের পরিচিত যেকেনো বস্তুকে বেছে নিয়ে ছবি আঁকবে।

### শিখনফল

২.১.১ পরিচিত বিভিন্ন জিনিস কল্পনা থেকে আঁকতে পারবে।

### উপকরণ

কার্টিজ পেপার, পেনসিল, জলরং ইত্যাদি।



## বিষয়বস্তু

২.১.১ শিশুর দেখা যে কোনো পরিচিত বস্তু, যেমন: টেলিভিশন, গাড়ি, লঞ্চ, প্লেন ইত্যাদি।

## শিখন শেখানো কার্যাবলি

এই পাঠে শিশুরা তার চারপাশে দেখা যে কোনো বস্তুকে বিষয় করে তার ইচ্ছেমতো ছবি আঁকবে এবং রং করবে। শিক্ষকগণ লক্ষ রাখবেন শিশুরা যেন সম্পূর্ণ স্বাধীনভাবে তার মনের অভিব্যক্তি প্রকাশ করতে পারে।

## পরিকল্পিত কাজ

শিক্ষকগণ শ্রেণিকক্ষে শিশুদের তাদের দেখা এবং আশপাশের যে কোনো পরিচিত বস্তুকে হুবহু অথবা কল্পনার সাথে মিশিয়ে ছবি আঁকতে এবং রং করতে উদ্বুদ্ধ করবেন। শিশুদের মনের জগৎকে উন্মোচিত করতে কয়েকটি ছবি নমুনা হিসেবে শিশুদের সামনে প্রদর্শন করতে পারেন।

## মূল্যায়ন

শিশুরা বিষয়বস্তু নির্বাচনে শিক্ষকের নির্দেশনা সম্পূর্ণভাবে বুঝতে পারছে কি না এবং স্বাধীনভাবে ছবি আঁকতে পারছে কি না সে বিষয়ে লক্ষ রাখবেন। কোনো শিশুর বুঝতে অসুবিধা থাকলে যত্নের সাথে বুঝিয়ে দেবেন।

## পাঠ-২

এই পাঠে শিশুরা তাদের দেখা যে কোনো প্রাকৃতিক দৃশ্যকে কল্পনা করে নিজের মতো আঁকতে শিখবে।

## শিখন ফল

২.১.২ পরিচিত বিভিন্ন প্রাকৃতিক দৃশ্য স্মৃতি থেকে আঁকতে পারবে।

## উপকরণ

কার্টিজ পেপার, পেনসিল, জলরং ইত্যাদি।



### বিষয়বস্তু

২.১.৩ গ্রাম অ বা শহরের যে কোনো প্রাকৃতিক দৃশ্য ।

### শিখন শেখানো কার্যাবলি

এই পাঠে শিশুরা তাদের দেখা যে কোনো প্রাকৃতিক দৃশ্যকে কল্পনা করে ইচ্ছেমতো আঁকতে শিখবে এবং ইচ্ছেমতো রং করতে শিখবে । বিষয় নির্বাচনে কিংবা রং করতে তারা যেন স্বাচ্ছন্দ্য বোধ করে, সে বিষয়ে শিক্ষকগণ লক্ষ রাখবেন ।

### পরিকল্পিত কাজ

শিক্ষকগণ শিশুদেরকে তাদের মনের জানালা উন্মুক্ত করতে সহযোগিতা করবেন । প্রাকৃতিক দৃশ্য কী এবং তারা যে প্রকৃতিরই অংশ, সে বিষয়ে সহজভাবে গল্পের ছলে বোঝাবেন । তারপর তাদের দেখা প্রকৃতির মধ্যে কোন দৃশ্যটি ভালো লেগেছে বা মনে রয়েছে, সে বিষয়ে ছবি আঁকতে উদ্বুদ্ধ করবেন । কয়েকটি প্রাকৃতিক দৃশ্যের ফটোগ্রাফ বা হাতে আঁকা ছবি শ্রেণিকক্ষে শিশুদের সামনে উপস্থাপন করবেন । তবে ফটোগ্রাফ নকল করে ছবি আঁকায় মোটেই উৎসাহ দেবেন না । ফটোগ্রাফ নকল করতে রীতিমতো নিষেধ করবেন ।

### মূল্যায়ন

শিশুরা একে অন্যের ছবি বা বিষয়বস্তু অনুকরণ করছে কি না তা শিক্ষকগণ পর্যবেক্ষণ করবেন । প্রত্যেক শিশুকে স্বতন্ত্র বিষয় নির্বাচনে সহযোগিতা করবেন ।

## পাঠ-৩

এই পাঠে শিশুরা মহান ভাষা আন্দোলনকে বিষয়বস্তু করে ছবি আঁকতে শিখবে ।

### শিখনফল

২.১.৩ ঐতিহাসিক বিষয়ভিত্তিক ছবি আঁকতে পারবে ।

### উপকরণ

কার্টিজ পেপার, পেনসিল, জলরং ইত্যাদি ।




### বিষয়বস্তু

২.১.১ মহান ভাষা আন্দোলন।

### শিখন শেখানো কার্যাবলি

শিশুরা আমাদের মাতৃভাষা বাংলাকে প্রতিষ্ঠিত করার জন্য সংঘটিত আন্দোলনের উপর ভিত্তি করে ছবি আঁকবে এবং রং করবে। সে ক্ষেত্রে শিশুরা বিষয় হিসেবে তাদের ইচ্ছেমতো অর্থাৎ আন্দোলনের সময়কাল অথবা পরবর্তীতে জাতীয় শহিদ মিনারে শ্রদ্ধা নিবেদনকে নির্বাচন করতে পারবে।

### পরিকল্পিত কাজ

শিশুরা যেন ভাষা আন্দোলন সম্পর্কে পরিষ্কার ধারণা অর্জন করতে পারে, সে জন্য শিক্ষকগণ শ্রেণিকক্ষে ভাষা আন্দোলন সম্পর্কিত বিভিন্ন তথ্য এবং গল্প উপস্থাপন করবেন, এমনকি এই পাঠ গ্রহণের পূর্বে শিশুদের আলাদাভাবে ভাষা আন্দোলন সংক্রান্ত বই সংগ্রহ করে পড়তে উদ্বুদ্ধ করবেন। শ্রেণি কক্ষে শিক্ষকগণ এইসংক্রান্ত ছবি ও ভাষা-শহিদদের ছবি উপস্থাপন করবেন। ছবি আঁকার ক্ষেত্রে তারা যেন কোনো প্রকার মানসিক চাপের সম্মুখীন না হয়, সেটা শিক্ষকগণ লক্ষ রাখবেন।

## মূল্যায়ন

শিশুরা সম্পূর্ণ পাঠটি কতটুকু স্বার্থকতার সাথে করতে পারছে, সে বিষয় শিক্ষকগণ পর্যবেক্ষণ করবেন। শিশুদের আঁকা ছবিগুলো সাজিয়ে প্রশংসাসুলভ উক্তির মাধ্যমে আরো বেশি অনুপ্রাণিত করবেন।

## পাঠ-৪

এই পাঠে শিশুরা বাংলাদেশের মুক্তিযুদ্ধের উপর বিষয়বস্তু নির্বাচন করে ছবি আঁকবে এবং রং করবে।

## শিখনফল

২.১.৩ ঐতিহাসিক বিষয় অর্থাৎ বাংলাদেশের স্বাধীনতাসংগ্রাম ও মুক্তিযুদ্ধ বিষয়ভিত্তিক ছবি আঁকতে পারবে।

## উপকরণ

কার্টিজ পেপার, পেনসিল, জলরং ইত্যাদি।



## বিষয়বস্তু
২.১.৩ বাংলাদেশের মুক্তিযুদ্ধ ।

## শিখন শেখানো কার্যাবলি
শিশুরা আমাদের মহান স্বাধীনতাসংগ্রাম ও মুক্তিযুদ্ধের বিভিন্ন বিষয়কে নির্বাচন করে ছবি আঁকবে এবং রং করবে। শিশুরা মুক্তি যুদ্ধের উপর রচিত বিভিন্ন গল্প পড়ে এবং শ্রেণিকক্ষে শিক্ষকদের কাছ থেকে গল্প শুনে তাদের ইচ্ছেমতো কম্পোজিশন করে ছবি আঁকবে ।

## পরিকল্পিত কাজ
এই পাঠের পূর্ব প্রস্তুতি হিসেবে শিক্ষকগণ শিশুদেরকে বাড়িতে অথবা লাইব্রেরি থেকে মুক্তিযুদ্ধ-বিষয়ক বিভিন্ন ছড়া, কবিতা, গল্প পড়তে এবং ছবি দেখতে উদ্বুদ্ধ করবেন। পাশাপাশি শ্রেণিকক্ষে শিশুদের উপযোগী অপেক্ষাকৃত সহজভাবে সঠিক ইতিহাস উপস্থাপন করবেন। এইভাবে প্রাপ্ত ধারণা থেকে শিশুরা নিজেদের মতো করে ঘটনা সাজিয়ে যেন ছবি আঁকতে পারে, সে দিকে লক্ষ রাখবেন ।

## মূল্যায়ন
শিশুরা সম্পূর্ণ পাঠটি মনোযোগের সাথে স্বতঃস্ফূর্তভাবে করতে পারছে কি না, শিক্ষকগণ পর্যবেক্ষণ করবেন। কোনো শিশু অপেক্ষাকৃত পিছিয়ে থাকলে তার প্রতি বিশেষ যত্নবান হবেন। প্রশংসা বাণীর মাধ্যমে শিশুদের অনুপ্রাণিত করবেন ।

## পাঠ-৫
পূর্বের পাঠের ন্যায় শিশুরা এই পাঠেও মুক্তিযুদ্ধ বিষয় ভিত্তিক ছবি আঁকা শিখবে ।

## শিখনফল
২.১.৩ ঐতিহাসিক বিষয়ভিত্তিক অর্থাৎ মুক্তিযুদ্ধ এবং পরবর্তীতে মুক্তিযুদ্ধের উপর নির্মিত বিভিন্ন স্মৃতিস্তম্ভকে বিষয় করে ছবি আঁকতে পারবে ।

## উপকরণ
কার্টিজ পেপার, পেনসিল, জলরং ইত্যাদি ।



## বিষয়বস্তু

২.১.৩ মুক্তিযুদ্ধ এবং বিভিন্ন স্মৃতিস্তম্ভ ।

## শিখন শেখানো কার্যাবলি

এই পাঠে মুক্তিযুদ্ধের উপর বিষয় নির্বাচন করে ছবি আঁকার পাশাপাশি মুক্তিযুদ্ধের উপর নির্মিত স্মৃতিস্তম্ভকে বিষয় করে ছবি আঁকবে এবং ইচ্ছেমতো রং করবে ।

## পরিকল্পিত কাজ

শিক্ষকগণ শিশুদের মুক্তিযুদ্ধ এবং স্মৃতিস্তম্ভ সম্পর্কে পর্যাপ্ত ধারণা প্রদান করবেন, যাতে করে শিশুরা ঐতিহাসিক ঘটনাবলি সম্পর্কে জ্ঞান অর্জন করতে পারে, সেই প্রেক্ষাপটে নিজের মতো করে ছবি আঁকতে পারে । শিশুদেরকে আরো বেশি উদ্বুদ্ধ করার জন্য শ্রেণিকক্ষে মুক্তিযুদ্ধের ছবি এবং বীরশ্রেষ্ঠদের ছবি প্রদর্শন করতে পারেন ।

## মূল্যায়ন

শিশুরা স্বাধীনভাবে তাদের মনের ভাব ছবির মাধ্যমে প্রকাশ করতে পারছে কি না, সে বিষয়ে পর্যবেক্ষণ করবেন । ছবিতে ড্রইং-এর চেয়ে কাহিনি ও বিষয়বস্তু বিন্যাসের দিকে বিশেষভাবে দৃষ্টি দেবেন ।

# তৃতীয় অধ্যায়
## অভিজ্ঞতা ভিত্তিক ও পর্যবেক্ষণের মাধ্যমে ছবি আঁকা

### অর্জন উপযোগী যোগ্যতা

৩.১ শিশুর প্রিয় খেলা, উৎসব, জন্মদিন, ঈদ, পূজা, বড়দিন, বৌদ্ধপূর্ণিমা, নববর্ষ, মেলা, বাজার ইত্যাদির ছবি বুদ্ধি খাটিয়ে ইচ্ছেমতো রং দিয়ে আঁকতে পারা।

### শিখনফল

৩.১.১ বাংলাদেশের বিভিন্ন খেলা সম্পর্কে জানতে ও আঁকতে পারবে।

৩.১.২ সামাজিক ও ধর্মীয় উৎসব সম্পর্কে জানতে ও আঁকতে পারবে।

৩.১.৩ বিভিন্ন পার্বণ, হাট-বাজার ও মেলা সম্পর্কে জানতে ও আঁকতে পারার মাধ্যমে নিজস্ব সংস্কৃতি সম্পর্কে সচেতনতা প্রদর্শন করতে পারবে।

৩.১.৪ শিশুরা এই সব বিষয় বিভিন্ন রং কিংবা শুধু কালো কালিতেও আঁকতে পারবে।

### পাঠ বিভাজন-৫টি পাঠ

### পাঠ-১


এই পাঠে শিশুরা তাদের প্রিয় খেলাকে বিষয়বস্তু করে ছবি আঁকবে এবং রং করবে।

### শিখনফল

৩.১.১ বাংলাদেশে বিভিন্ন খেলা সম্পর্কে জানতে ও আঁকতে পারবে।

### উপকরণ

কার্টিজ পেপার, পেনসিল, জলরং ইত্যাদি।



## বিষয়বস্তু

৩.১.১ বাংলাদেশের বিভিন্ন খেলার মধ্যে শিশুর প্রিয় কোন খেলা ।

## শিখন শেখানো কার্যাবলি

শিশুরা তাদের পারিপার্শ্বিক অভিজ্ঞতা এবং পর্যবেক্ষণের উপর ভিত্তি করে তাদের মনের ভাব প্রকাশের লক্ষে বাংলাদেশের বিভিন্ন খেলার মধ্যে যে খেলাগুলো শিশুর প্রিয়, সেই সব খেলাকে বিষয়বস্তু করে সে স্বাধীনভাবে ছবি এঁকে রং করবে ।

## পরিকল্পিত কাজ

শিক্ষকগণ শিশুদের সাথে গল্পের ছলে তাদের প্রিয় খেলা এবং খেলার নাম সম্পর্কে জেনে নেবেন । পাশাপাশি অন্যান্য খেলা সম্পর্কেও শিশুদের ধারণা দেবেন । এবং এই বিষয়ে তাদের ছবি আঁকতে উৎসাহিত করবেন । প্রয়োজনে শ্রেণিকক্ষে দেশীয় খেলার উপর অঙ্কিত কিছু ছবি প্রদর্শন করে তাদের চিন্তাশক্তিকে প্রসারিত করতে সহায়তা করবেন । তবে লক্ষ রাখবেন, শিশুরা যেন প্রদর্শিত ছবি হুবহু অনুসরণ না করেঃ সেগুলো থেকে অভিজ্ঞতা অর্জনের মাধ্যমে সম্পূর্ণ নিজের মতো করে ছবি আঁকবে ।

## মূল্যায়ন

শিশুরা শ্রেণিকক্ষে সহজ ও স্বাভাবিক খেলা সম্পর্কে এবং তাদের পছন্দের খেলা সম্পর্কে অভিব্যক্তি প্রকাশ করতে পারছে কি না এবং সে বিষয়ে সাবলীলভাবে ছবি আঁকতে পারছে কি না সে বিষয়ে শিক্ষকগণ সজাগ দৃষ্টি রাখবেন। ছবি আঁকা শেষ হলে ইতিবাচক মন্তব্যের মাধ্যমে আরো বেশি বেশি ছবি আঁকতে উৎসাহিত করবেন।

## পাঠ-২

এই পাঠে শিশুরা তাদের পারিবারিক ও সামাজিক অভিজ্ঞতার আলোকে তাদের ইচ্ছেমতো ছবি আঁকবে এবং রং করবে।

## শিখনফল

৩.১.২ সামাজিক উৎসব সম্পর্কে জানতে ও আঁকতে পারবে।

## উপকরণ

কার্টিজ পেপার, পেনসিল, জলরং ইত্যাদি।



## বিষয়বস্তু

৩.১.২ শিশুর পারিবারিক ও সামাজিক আচার ও অনুষ্ঠান।

## শিখন শেখানো কার্যাবলি

শিশু তার পারিবারিক ও সামাজিক বিভিন্ন প্রকার আচার ও অনুষ্ঠান যেমন: জন্মদিন, বিয়ে, মুখেভাত ইত্যাদি যেকোনো বিষয় নিয়ে ছবি আঁকবে ও রং করবে।

## পরিকল্পিত কাজ

শিক্ষকগণ শিশুদের সাথে আলোচনার মাধ্যমে বিভিন্ন প্রকার পারিবারিক ও সামাজিক আচার-অনুষ্ঠান সম্পর্কে ধারণা প্রদান করবেন। ক্ষেত্র বিশেষে শিশুরা একে অপরের সাথে আলোচনার মাধ্যমে ছবি আঁকার বিষয়বস্তু নির্ধারণ করতে পারে, সে রকম পরিবেশ সৃষ্টি করবেন। ছবি আঁকা শেষ হলে শিশুদের ছবির বিষয়বস্তু সম্পর্কে গল্প বলতে উৎসাহিত করবেন।

## মূল্যায়ন

শ্রেণিকক্ষের সকল শিশু তাদের অভিজ্ঞতাকে ছবির মাধ্যমে প্রকাশ করতে পারছে কি না, সেটা শিক্ষকগণ পর্যবেক্ষণ করবেন।

## পাঠ-৩

এই পাঠে শিশুরা বিভিন্ন প্রকার ধর্মীয় উৎসবকে বিষয়বস্তু করে ছবি আঁকবে এবং রং করবে।

## শিখন ফল

৩.১.৩ ধর্মীয় উৎসব সম্পর্কে জানতে ও আঁকতে পারবে।

## উপকরণ

কার্টিজ পেপার, পেনসিল, জলরং ইত্যাদি।



## বিষয়বস্তু

৩.১.৩ ধর্মীয় উৎসব যেমন: ঈদ, পূজা, বড়দিন, বৌদ্ধপূর্ণিমা ইত্যাদি ।

## শিখন শেখানো কার্যাবলি

এই পাঠে শিশুরা বিভিন্ন ধর্মীয় উৎসব উদ্‌যাপনের অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে তাদের ইচ্ছেমতো কম্পোজিশন করে ছবি আঁকবে এবং রং করবে ।

## পরিকল্পিত কাজ

শিক্ষকগণ শিশুদের বিভিন্ন ধর্মীয় উৎসব সম্পর্কে ধারণা দেবেন এবং তাদের সাথে আলোচনার মাধ্যমে জানতে চেষ্টা করবেন তারা ধর্মীয় উৎসবগুলো কেমনভাবে উদ্‌যাপন করে । শিশুরা পারস্পরিক আলোচনার মাধ্যমে একে অপরের অনুভূতিকে ভাগাভাগি করে নিয়ে সেই বিষয়ের উপর তাদের ইচ্ছেমতো কম্পোজিশন করে তুলনামূলক উজ্জ্বল রং ব্যবহার করতে উৎসাহিত করতে পারেন ।

## মূল্যায়ন

শিশুরা ধর্মীয় উৎসব-বিষয়ক চিত্র কতটুকু স্বার্থকভাবে ফুটিয়ে তুলতে পারছে, সে বিষয়ে শিক্ষকগণ সজাগ দৃষ্টি রাখবেন। অপেক্ষাকৃত পিছিয়ে থাকা শিশুদেরকে বিশেষ যত্নের সাথে সহযোগিতা করে তার ছবি সম্পন্ন করতে বলবেন।

## পাঠ-৪

এই পাঠে শিশুরা বাংলাদেশের বিভিন্ন রকমের পার্বণ ও লোকজ উৎসবকে বিষয়বস্তু করে ছবি আঁকবে ও রং করবে।

## শিখনফল

৩.১.৩ বিভিন্ন পার্বণ, হাট-বাজার ও মেলা সম্পর্কে জানতে ও আঁকতে পারার মাধ্যমে নিজস্ব সংস্কৃতি সম্পর্কে সচেতনতা প্রদর্শন করতে পারবে।

## উপকরণ

কার্টিজ পেপার, পেনসিল, জল রং ইত্যাদি।



### বিষয়বস্তু

৩.১.৩ দেশীয় পার্বণ, হাট-বাজার, ঐতিহ্যবাহী মেলা ইত্যাদি।

### শিখন শেখানো কার্যাবলি

শিশুরা বাংলাদেশের বিভিন্ন পার্বণ, গ্রাম্য হাট-বাজার, লোকজ ও ঐতিহ্যবাহী মেলাকে বিষয়বস্তু করে ছবি এঁকে রং করবে। শিক্ষকগণ শিশুদেরকে আরো বেশি উৎসাহিত করতে নিজে একটি ছবি এঁকে দেখাবেন।

### পরিকল্পিত কাজ

যেহেতু একটি শিক্ষাপ্রতিষ্ঠানে সকল ধর্মের, বর্ণের, অঞ্চলের শিশুরা শিক্ষা লাভ করে, সেহেতু তাদের মধ্যে পার্বণ, লোকজ ও ঐতিহ্যবাহী মেলা আয়োজনে ভিন্নতা থাকা স্বাভাবিক। শিক্ষকগণ লক্ষ রাখবেন, শিশুরা যেন একই ধারার ছবি না আঁকে; বরং নিজস্ব ঐতিহ্য ও সংস্কৃতির বিষয়বস্তু নিয়ে ছবি আঁকতে উৎসাহিত করবেন। পাশাপাশি সকল শিশুকে তার নিজস্ব সংস্কৃতির উপর সম্মান প্রদর্শন করতে উদ্বুদ্ধ করবেন। শিশুদের ছবি আঁকা শেষ হলে সকল ছবি একত্র করে সাজিয়ে তাদের আঁকা ছবি সম্পর্কে বলতে উৎসাহিত করবেন।

### মূল্যায়ন

শিশুরা এই পাঠে তাদের ছবির মাধ্যমে দেশীয় পার্বণ, হাট-বাজার ঐতিহ্যবাহী মেলা ইত্যাদি বিষয় প্রকাশ করতে পারছে কি না সে বিষয়ে শিক্ষকগণ পর্যবেক্ষণ করবেন।

## পাঠ-৫

এই অধ্যায়ের সকল পাঠ শিশুরা জল রঙের মাধ্যমে চর্চা করার পাশাপাশি শুধু কালো কালিতে আঁকতে চেষ্টা করবে।

### শিখন ফল

৩.১.৪ শিশুরা তাদের প্রিয় খেলা, সামাজিক ও ধর্মীয় উৎসবসহ ইতিহাস ঐতিহ্যের বিষয়ে অভিজ্ঞতার আলোকে আঁকা ছবি বিভিন্ন রং কিংবা শুধু কালো কালির মাধ্যমে আঁকতে পারবে।

### উপকরণ

কার্টিজ পেপার, পেনসিল, কালো কালি ইত্যাদি।

### বিষয়বস্তু

৩.১.৪ শিশুর প্রিয় খেলা, উৎসব, জন্মদিন, ঈদ, পূজা, বড়দিন, বৌদ্ধপূর্ণিমা, নববর্ষ, মেলা, বাজার ইত্যাদি।



## শিখন শেখানো কার্যাবলি

শিশুরা এই অধ্যায়ের সব বিষয় রঙের মাধ্যমে অনুশীলন করেছে। এই পাঠে শিশুরা পূর্বের বিষয়গুলো শুধু কালো কালি দিয়ে আঁকবে।

## পরিকল্পিত কাজ

শিক্ষকগণ শিশুদের এই অধ্যায়ের পূর্ব পঠিত বিষয়গুলোর মধ্যে যেকোনো বিষয় নির্বাচনের স্বাধীনতা দেবেন। শিশুরা তাদের ইচ্ছেমতো যেকোনো একটি বিষয় নিয়ে কালো কালিতে আঁকা শিখবে। শিক্ষকগণ কালো কালিতে ছবি আঁকার কিছু নমুনা শ্রেণিকক্ষে উপস্থাপন করবেন। শ্রেণিকক্ষের একেকজন শিশু ভিন্ন ভিন্ন বিষয় নিয়ে ছবি আঁকার মাধ্যমে একে অপরের আঁকা ছবি দেখবে এবং তাদের মনের ভাব আদান-প্রদানের ক্ষেত্র তৈরি হবে।

## মূল্যায়ন

শিশুরা শুধু কালো কালিতে সঠিকভাবে ছবি আঁকতে পারছে কি না, শিক্ষকগণ পর্যবেক্ষণ করবেন। শিক্ষকগণ ইতিবাচক মন্তব্যের মাধ্যমে শিশুদের উৎসাহিত করবেন।

## চতুর্থ অধ্যায়

# বর্ণমালা লেখা/সুন্দর হাতের লেখার অভ্যাস করা

### অর্জন উপযোগী যোগ্যতা

৪.১. বাংলা-ইংরেজি সংখ্যা ইত্যাদি বর্ণ ও চিহ্নের বিভিন্ন নকশার আদলে লিখতে শেখা।

৪.২ এই নকশাটি বিভিন্ন রঙে এবং সাদা-কালোতে তৈরি করতে পারা।

### শিখন ফল

৪.১.১. বাংলা ও ইংরেজি সংখ্যা ও বর্ণকে ভিন্ন আঙ্গিকে নকশার মাধ্যমে সুন্দর ও সাবলীলভাবে উপস্থাপন করতে পারবে।

৪.২.১ সুন্দর হাতের লেখা চর্চার মাধ্যমে ভবিষ্যৎ জীবনে শিক্ষা ও কর্মক্ষেত্রে সুন্দর ও রুচিশীল মনের প্রকাশ ঘটাতে পারবে।

## পাঠ বিভাজন-৩টি পাঠ

### পাঠ-১


এই পাঠে শিশুরা বাংলা সংখ্যা, বর্ণ ও চিহ্নকে নিজের ইচ্ছেমতো নকশার আদলে লিখতে শিখবে।

### শিখনফল

৪.১.১ বাংলা সংখ্যা ও বর্ণকে ভিন্ন আঙ্গিকে নকশার মাধ্যমে সুন্দর ও সাবলীলভাবে উপস্থাপন করতে পারবে।

### উপকরণ

রুল ছাড়া সাদা কাগজ বা খাতা এবং বিভিন্ন রঙের মোটা কলম বা পেনসিল।




### বিষয়বস্তু

৪.১.১ বাংলা সংখ্যা ও বর্ণকে মোটা বা ডাবল লাইনে লেখা।

### শিখন শেখানো কার্যাবলি

এই পাঠে শিশুরা রুল ছাড়া সাদা খাতা বা কাগজে কলম অথবা পেনসিল দিয়ে বাংলা সংখ্যা এবং বর্ণকে ন্যূনতম ১ ইঞ্চি × ১ ইঞ্চি মাপের মধ্যে মোটা কলম দিয়ে লেখার চর্চা করবে। সংখ্যা এবং বর্ণের স্বাভাবিক আকৃতিকে প্রয়োজনে বর্ধিত বা সংকুচিত করে নতুন রূপ দিয়ে নকশা তৈরি করবে। সংখ্যা এবং বর্ণকে বড় বড় করে লিখে ডাবল লাইন ব্যবহার করে তল থেকে উন্নত করে লিখতে শিখবে।

### পরিকল্পিত কাজ

শিক্ষকগণ শিশুদের ছোট বড় বিভিন্ন মাপে মুদ্রিত বাংলা সংখ্যা এবং বর্ণ দেখাবেন। তারপর সেগুলো থেকে ধারণা নিয়ে শিশুদের তাদের পছন্দমতো রূপান্তর করতে বলবেন। তবে খেয়াল রাখবেন যেন সংখ্যা এবং বর্ণের মূল আকৃতি যেন সম্পূর্ণভাবে পরিবর্তিত না হয়ে যায়। পাঠটি শিশুদের মাঝে আরো বেশি আনন্দদায়ক করার জন্য বিভিন্ন রঙের অনুশীলনের জন্য সাদা কাগজ বা খাতা ব্যবহার করতে বলবেন। কোনো প্রকার স্কেল বা রুল টানা কাগজ ব্যবহার না করে মুক্ত হস্তে চোখের আন্দাজে লাইন সোজা করে লিখতে উদ্বুদ্ধ করবেন। পাশাপাশি কালো কালির মাধ্যমে সাদা, কালো রঙে সংখ্যা এবং বর্ণ দিয়ে নকশা আঁকতে উৎসাহিত করবেন।

## মূল্যায়ন

শিশুরা এই পাঠটি আনন্দের সাথে অনুশীলন করতে পারছে কি না এবং তাদের প্রত্যেকের লেখনীতে নতুনত্ব ও নান্দনিকতার পরিমাণ পর্যবেক্ষণ করবেন। সকল শিশু যেন সমানভাবে এই পাঠের সুফল ভোগ করতে পারে, সেদিকে সজাগ দৃষ্টি রাখবেন।

## পাঠ-২

এই পাঠে শিশুরা ইংরেজি সংখ্যা, বর্ণ ও চিহ্নকে নিজের ইচ্ছেমতো নকশার আদলে লিখতে শিখবে।

## শিখনফল

৪.১.১ ইংরেজি সংখ্যা ও বর্ণকে ভিন্ন আঙ্গিকে নকশার মাধ্যমে সুন্দর ও সাবলীলভাবে উপস্থাপন করতে পারবে।

## উপকরণ

রুল ছাড়া সাদা কাগজ বা খাতা এবং বিভিন্ন রঙের মোটা কলম বা পেনসিল।




## বিষয়বস্তু

৪.১.১ ইংরেজি সংখ্যা ও বর্ণকে মোটা বা ডাবল লাইনে লেখা।

## শিখন শেখানো কার্যাবলি

এই পাঠে শিশুরা রুল ছাড়া সাদা খাতা বা কাগজ কলম অথবা পেনসিল দিয়ে ইংরেজি সংখ্যা এবং বর্ণকে ন্যূনতম ১ ইঞ্চি × ১ ইঞ্চি মাপের মধ্যে মোটা কলম দিয়ে লেখার চর্চা করবে। সংখ্যা এবং বর্ণের স্বাভাবিক আকৃতিকে প্রয়োজনে বর্ধিত বা সংকুচিত করে নতুন রূপ দিয়ে নকশা তৈরি করবে। সংখ্যা এবং বর্ণকে বড় বড় করে লিখে ডাবল লাইন ব্যবহার করে সুদৃশ্যভাবে উপস্থাপন করতে শিখবে। সংখ্যা এবং বর্ণতে আলোছায়া ব্যবহার করে তল থেকে উন্নত করে লিখতে শিখবে।

## পরিকল্পিত কাজ

শিক্ষকগণ শিশুদের ছোট-বড় বিভিন্ন মাপে মুদ্রিত ইংরেজি সংখ্যা এবং বর্ণ দেখাবেন। তারপর সেগুলো থেকে ধারণা নিয়ে শিশুদের তাদের পছন্দমতো নকশায় রূপান্তর করতে বলবেন। তবে খেয়াল রাখবেন যে সংখ্যা এবং বর্ণের মূল আকৃতি যেন সম্পূর্ণভাবে পরিবর্তিত না হয়ে যায়। পাঠটি শিশুদের মাঝে আরো বেশি আনন্দদায়ক করার জন্য বিভিন্ন রঙের মোটা কলম ব্যবহার করতে উৎসাহিত করবেন। লাইন সোজা রেখে লেখা অনুশীলনের জন্য সাদা কাগজ বা খাতা ব্যবহার করতে বলবেন। কোনো প্রকার স্কেল বা রুল টানা কাগজ ব্যবহার না করে মুক্ত হস্তে চোখের আন্দাজে লাইন সোজা করে লিখতে উদ্বুদ্ধ করবেন। পাশাপাশি কালো কালির মাধ্যমে সাদা কালো রঙে সংখ্যা ও বর্ণ দিয়ে নকশা আঁকতে উৎসাহিত করবেন।

## মূল্যায়ন

শিশুরা এই পাঠটি আনন্দের সাথে অনুশীলন করতে পারছে কি না এবং তাদের প্রত্যেকের লেখনীতে নতুনত্ব এবং নান্দনিকতার পরিমাণ পর্যবেক্ষণ করবেন। সকল শিশু যেন সমানভাবে এই পাঠের সুফল ভোগ করতে পারে, সে দিকে সজাগ দৃষ্টি রাখবেন।

## পাঠ-৩

এই পাঠে শিশুরা সাদা কাগজ বা খাতায় লাইন সোজা ও সুন্দর করে লেখার চর্চা করবে।

## শিখনফল

৪.২.১ সুন্দর হাতের লেখা চর্চার মাধ্যমে ভবিষ্যৎ জীবনে শিক্ষা ও কর্মক্ষেত্রে সুন্দর ও রুচিশীল মনের প্রকাশ ঘটাতে পারবে।

## উপকরণ

রুল ছাড়া সাদা কাগজ বা খাতা এবং কলম।

### পিঁপড়ে ও ঘুঘু

ছোট্ট এক পিঁপড়ে একদিন খাবারের খোঁজে বনের পথে চলেছে। পথের দুপাশে বড় বড় গাছ, লতাপাতা, ঘাস। তারই পাশ দিয়ে ছোট্ট পিঁপড়ে আস্তে আস্তে হাঁটে। হাঁটতে হাঁটতে বেলা বাড়ে।

বনের ধারে বয়ে চলেছে একটি নদী। পিপাসায় কাতর ক্লান্ত পিঁপড়ে। ধীরে ধীরে সে নদীর পাড় বেয়ে নামতে শুরু করে। পানির কাছে সে পৌছেও যায়। সাবধানে পানির ধারে গিয়ে সে পানি খায়। নদীতে তখন অনেক ঢেউ।

পানি খেতে গিয়ে হঠাৎ ঢেউয়ের ধাক্কায় ভেসে গেল ছোট্ট পিঁপড়ে। তীরে ওঠার অনেক চেষ্টা করল সে। কিন্তু কিছুতেই উঠতে পারল না।

নদীর তীরে গাছের ডালে বসে ছিল এক ঘুঘু। ঘুঘু দেখল ছোট্ট পিঁপড়ে ভীষণ বিপদে পড়েছে। সে যে-কোন সময় ডুবে যেতে পারে। কী করা যায়? চট করে ঘুঘুর মাথায় একটা বুদ্ধি এল। সে ঠোঁট দিয়ে গাছের একটা পাতা ছিঁড়ে ফেলে দিল নদীর পানিতে।

পাতাটা পড়ল পিঁপড়ের সামনেই। সে শুনতে পেল ঘুঘু পাখিটা বলছে: ও ভাই পিঁপড়ে, শিগগির পাতার উপর ওঠ। নইলে ডুবে মরবে।

ছোট্ট পিঁপড়ে হাঁপাতে হাঁপাতে সাঁতার কেটে পাতার উপর উঠে বসে। ঘুঘু তখন পাতাটা তার ঠোঁট দিয়ে ডাঙায় তুলে আনে। বেঁচে যায় ছোট্ট পিঁপড়ে। তখন ঘুঘুকে তার মনে হয় সবচেয়ে ভালো বন্ধু।

### Molly and the Moon - 1

Molly was a very little girl. For a treat, her mother allowed her to go with her brother Bob to the baker's shop down the street. They were going to buy muffins for tea.

All of a sudden Molly saw a big yellow moon in the sky. She had never seen such a lovely moon and she stood still with surprise.

'Come along, Molly,' said Bob, but Molly stood gazing up at the moon.

'Oh, I want it,' she said.

'Silly girl, you can't have the moon,' said Bob, with a smile.

'Why not?' asked Molly.

Bob did not know what to say. Molly did not understand that the moon was hundreds and hundreds of miles away in the sky, for she was a very little girl.

## বিষয়বস্তু

**৪.২.১ লাইন সোজা করে বাংলা ও ইংরেজি হাতের লেখা অনুশীলন।**

## শিখন শেখানো কার্যাবলি

**শিশুরা এই পাঠে রুল ছাড়া সাদা কাগজে লাইন সোজা করে বাংলা ইংরেজি বিভিন্ন গল্প বা কবিতার উল্লেখযোগ্য পঙক্তি লিখতে শিখবে।**

## পরিকল্পিত কাজ

**শিক্ষকগণ শিশুদের রুল ছাড়া সাদা কাগজ বা খাতা ব্যবহার করতে বলবেন। কাগজের উপরের দিকে ২ ইঞ্চি এবং বাম দিকে ১$^{1}/_{2}$ ইঞ্চি পরিমাণ জায়গা ছেড়ে দিয়ে বাংলা এবং ইংরেজি গল্প বা কবিতার উল্লেখযোগ্য পঙক্তি নির্বাচন করে তা চোখের আন্দাজে লাইন সোজা করে লিখতে বলবেন। শিক্ষকগণ শিশুদের জানাবেন যে লেখার সময় অসতর্ক বা অমনোযোগী হলে লাইন বাঁকা হয়ে যাবে। আর প্রথম লাইন বাঁকা হলে পরবর্তী সব লাইন বাঁকা হয়ে যাবে ফলে হাতের লেখার সৌন্দর্য হারিয়ে যাবে। এইভাবে বারংবার সুন্দর করে হাতের লেখার চর্চা করবে। সুন্দর হাতের লেখার কয়েকটি নমুনা শ্রেণি কক্ষে প্রদর্শন করবেন।**

## মূল্যায়ন

**এই পাঠের মাধ্যমে শিশুদের পূর্বের তুলনায় হাতের লেখার পার্থক্য পর্যবেক্ষণ করে শিক্ষকগণ আরো বেশি সুন্দর করার জন্য উৎসাহিত করবেন।**

## পঞ্চম অধ্যায়
# রেখাচিত্র অঙ্কন

**অর্জন উপযোগী যোগ্যতা**

৫.১ মুক্ত হস্তে রেখা দিয়ে ছোট বড় ত্রিভুজ বা বৃত্ত দিয়ে নকশা বা ছবি তৈরি করতে পারা।

**শিখনফল**

৫.১.১ মুক্ত হস্তে বিভিন্ন জ্যামিতিক ফর্ম, ত্রিভুজ, বৃত্ত ইত্যাদি আঁকায় দক্ষ হবে।

৫.১.২ জ্যামিতিক ফর্ম বিন্যাসের মাধ্যমে নকশা আঁকার দক্ষতার প্রকাশ ঘটাবে।

### পাঠ বিভাজন-৩ টি পাঠ

**পাঠ-১**


এই পাঠে শিশুরা মুক্ত হস্তে ত্রিভুজ, বৃত্ত ইত্যাদি আঁকার চর্চা করবে।

**শিখনফল**

৫.১.১ মুক্ত হস্তে বিভিন্ন জ্যামিতিক ফর্ম ত্রিভুজ, বৃত্ত ইত্যাদি আঁকায় দক্ষ হবে।

**উপকরণ**

কার্টিজ পেপার, সরু এবং মোটা পেনসিল, জল রং, রং পেন্সিল ইত্যাদি।



**বিষয়বস্তু**

৫.১.   ত্রিভুজ এবং বৃত্ত।

**শিখন শেখানো কার্যাবলি**

এই পাঠে শিশুরা সাদা কাগজের উপর পেনসিল দিয়ে কোনো প্রকার স্কেল কিংবা কম্পাসের সাহায্য না নিয়ে সম্পূর্ণ মুক্ত হস্তে বিভিন্ন মাপের ত্রিভুজ এবং বৃত্ত আঁকা শিখবে।

**পরিকল্পিত কাজ**

শিক্ষকগণ শিশুদের সম্পূর্ণ মুক্ত হস্তে এই পাঠটি অনুশীলন করতে উৎসাহিত করবেন। যেকোনো প্রকার অবলম্বন মানুষকে আত্মনির্ভরশীল হতে বাধাগ্রস্ত করে বরং এই শিক্ষার মাধ্যমে একটি শিশু মুক্ত হস্তে সোজা দাগ এবং বৃত্ত আঁকতে শেখায় তার মনে যে কোনো কাজ করার সাহস এবং স্বনির্ভরতা বৃদ্ধি পাবে। এই বিষয়টি শিক্ষকগণ শিশুদের বিভিন্নভাবে আলোচনার মাধ্যমে বুঝিয়ে দেবেন। শিশুদেরকে সাদা কাগজে ছোট-বড় বিভিন্ন মাপের ত্রিভুজ এবং বৃত্ত আঁকতে বলবেন। পাশাপাশি তাদের কোনো প্রকার মাপ না নিয়ে চোখের আন্দাজে একই মাপের চারটি ত্রিভুজ এবং বৃত্ত আঁকতে বলবেন। এইভাবে শিশুরা ত্রিভুজ এবং বৃত্ত এঁকে সম্পূর্ণ কাগজটি ভরাট করে জলরং অথবা রং পেনসিলের ভিন্ন ভিন্ন রং দিয়ে ভরাট করতে শিখবে।

**মূল্যায়ন**

শিক্ষকগণ লক্ষ রাখবেন নির্দেশনা অনুযায়ী শিশুরা সঠিকভাবে কাজ করতে পারছে কি না। কোনো শিশুর আত্মবিশ্বাস অপেক্ষাকৃত কম পরিলক্ষিত হলে তার প্রতি বিশেষ দৃষ্টি দিয়ে তার কাজের মান উন্নয়নে সহায়তা করবেন।

**পাঠ-২**


পূর্বের পাঠে শেখা ত্রিভুজ এবং বৃত্ত নিজেদের ইচ্ছেমতো সাজিয়ে নকশা আঁকতে শিখবে।

**শিখন ফল**

৫.১.১ জ্যামিতিক ফর্ম বিন্যাসের মাধ্যমে নকশা আঁকার দক্ষতার প্রকাশ ঘটাবে।

**উপকরণ**

কার্টিজ পেপার, সরু এবং মোটা পেনসিল ইত্যাদি।



**বিষয়বস্তু**

৫.১.১ ত্রিভুজ এবং বৃত্ত সাজিয়ে ইচ্ছেমতো নকশা অঙ্কন।

**শিখন শেখানো কার্যাবলি**

শিশুরা পূর্বের পাঠে মুক্ত হস্তে ত্রিভুজ এবং বৃত্ত আঁকা শিখেছে। এই পাঠে তারা সাদা কাগজের উপর ত্রিভুজ এবং বৃত্ত সাজিয়ে বিভিন্ন ধরনের নকশা অঙ্কন করতে শিখবে।

**পরিকল্পিত কাজ**

শিক্ষকগণ শিশুদের সাদা কাগজের উপর ছোট বড় বিভিন্ন মাপের ত্রিভুজ এবং বৃত্ত সাজিয়ে নকশা আঁকতে সহায়তা করবেন। শুধু পেনসিলের সরু এবং মোটা রেখার মাধ্যমে এই কাজটি করতে হবে। এইভাবে একাধিক নক্‌শা অঙ্কনের জন্য শিশুদেরকে উৎসাহিত করবেন। নকশা অঙ্কন শেষ হলে শিক্ষকগণ একেকজনের আঁকা নকশার মধ্যে তুলনামূলক একটু ভালো নকশা বাছাই করতে সহযোগিতা করবেন এবং কি কারণে নকশাটি একটু ভালো হিসেবে গণ্য করা হলো সে বিষয়ে তাদের সাথে সহজভাবে আলোচনা করবেন এবং পরবর্তী ক্লাসে বাছাই করা নকশাটি নিয়ে আসতে বলবেন।

**মূল্যায়ন**

শিশুরা নিজেদের ইচ্ছেমতো নকশা অঙ্কন করতে পারছে কি না শিক্ষকগণ পর্যবেক্ষণ করবেন। অনেকগুলো নকশার মাঝে অপেক্ষাকৃত সুন্দর নক্‌শা বাছাই করার সময় সতর্ক থাকবেন যেন শিশুদের মনে কোনো প্রকার আঘাত না লাগে। ইতিবাচক মন্তব্যের মাধ্যমে শিশুদের উৎসাহিত করবেন।

**পাঠ-৩**

এই পাঠে শিশুরা পূর্ববর্তী পাঠে অঙ্কিত নকশা রঙের মাধ্যমে ভরাট করতে শিখবে।

**শিখনফল**


৫.১.২ জ্যামিতিক ফর্ম বিন্যাসের মাধ্যমে নকশা আঁকার দক্ষতার প্রকাশ ঘটাবে।

**উপকরণ**

কার্টিজ পেপার, জলরং, পোস্টার রং ইত্যাদি।

**বিষয়বস্তু**

৫.১.২ ত্রিভুজ এবং বৃত্তের মাধ্যমে অঙ্কিত নকশা রং করা।



এই পাঠে শিশুরা পূর্বের পাঠে অঙ্কিত নক্শার মাঝে বাছাই করা নকশাটি জলরঙ অথবা পোস্টার রঙের মাধ্যমে রং করতে শিখবে। শিশুরা তাদের ইচ্ছেমতো রং দিয়ে নকশাটি রঙ করতে পারবে।

**পরিকল্পিত কাজ**

শিক্ষকগণ শিশুদেরকে নকশা রং করতে সহায়তা করবেন। তাদেরকে অনুপ্রাণিত করতে রঙ করা কয়েকটা নকশা শ্রেণিকক্ষে প্রদর্শন করতে পারেন। শিশুরা তাদের ইচ্ছেমতো রং দিয়ে নকশাটি রঙ করবে তবে রং মিশ্রণের ক্ষেত্রে রঙের ঘনত্ব যেন একই রকম হয়, সেই বিষয়ে শিক্ষকগণ অবহিত করবেন। কোনো রঙ পাতলা এবং কোনো রং ঘন হলে তুলির আঁচড় স্পষ্টভাবে দেখা যায়, যার ফলে নকশাটির সৌন্দর্য কমে যায়। এই বিষয়টিও শিক্ষকগণ অবহিত করবেন। পাঠ সমাপ্ত হলে সকল নকশা শ্রেণিকক্ষে সাজিয়ে শিশুদের দেখাবেন এবং প্রশংসাসুলভ বাক্য প্রয়োগের মাধ্যমে অনুপ্রাণিত করবেন।

**মূল্যায়ন**

শিশুদের রং করা নকশাগুলো পরিচ্ছন্ন হচ্ছে কি না সেদিকে শিক্ষকগণ বিশেষ নজর দেবেন।

ষষ্ঠ অধ্যায়

# মৌলিক রঙের সাথে পরিচিত হওয়া এবং ছবি এঁকে রং করা

## অর্জন উপযোগী যোগ্যতা

৬.১ শিশু তার ইচ্ছেমতো যে সব ছবি আঁকবে তাতে মৌলিক ও মিশ্রিত রংগুলোর বৈশিষ্ট্য চিনতে পারা।

## শিখন ফল

৬.১.১ মৌলিক রংগুলো কী কী এবং রঙগুলোর বৈশিষ্ট্য বর্ণনা করতে পারবে।

৬.১.২ দুইটি মৌলিক রং মিশ্রণের ফলে যে সকল রং তৈরি হয় সেগুলোর নামসহ পরিচয় জানতে পারবে। রংগুলো ব্যবহার করে ছবি আঁকতে পারবে।

## পাঠ বিভাজন-৪টি পাঠ

### পাঠ-১

এই পাঠে শিশুরা মৌলিক রং সম্পর্কে জানবে এবং নিজের অঙ্কিত ছবির মধ্যে মৌলিক রঙের উপস্থিতি নির্ণয় করতে পারবে।

### শিখনফল

৬.১.১ মৌলিক রংগুলো কী কী এবং রংগুলোর বৈশিষ্ট্য বর্ণনা করতে পারবে।

### উপকরণ

কার্টিজ পেপার, পেনসিল, জলরঙ ইত্যাদি।



### বিষয়বস্তু

৬.১.১ মৌলিক রং চিনতে পারা এবং ছবি আঁকা।

### শিখন শেখানো কার্যাবলি

শিশুরা পূর্বের শ্রেণিতে মৌলিক রং সম্পর্কে ধারণা পেয়েছে। এই পাঠে পুনরায় মৌলিক রং চিনতে এবং এ সম্পর্কে বলতে শিখবে। তারা তাদের ইচ্ছেমতো যেকোনো ছবি আঁকবে। ছবি আঁকার পর তাদের ছবিতে কোন কোন অংশে মৌলিক রং ব্যবহার করা হয়েছে সে সম্পর্কে বলতে শিখবে।

### পরিকল্পিত কাজ

শিক্ষকগণ পূর্বের শ্রেণির মতো এই শ্রেণিতেও মৌলিক রঙ সম্পর্কে শিশুদেরকে ধারণা দেবেন। যেমন মৌলিক রং কী? কয়টি এবং কেন মৌলিক রং বলা হয় ইত্যাদি। তারপর শিশুদেরকে তাদের ইচ্ছেমতো ছবি আঁকতে দেবেন। ছবি আঁকা শেষ হলে শিশুদেরকে তাদের আঁকা ছবির মধ্যে কোথায় কোথায় মৌলিক রং ব্যবহার করা হয়েছে তা শনাক্ত করতে উৎসাহিত করবেন। শ্রেণিকক্ষে আনন্দঘন পরিবেশ সৃষ্টির জন্য শিক্ষক নিজে শিশুদের ছবি আঁকায় এবং রং চেনার কাজে সহযোগিতা করবেন। নানা রকম পরামর্শ দিয়ে উৎসাহিত করবেন।

## মূল্যায়ন

যেহেতু মৌলিক রঙের পাঠটি ১ম শ্রেণি থেকে প্রতিটি শ্রেণিতে রয়েছে সেহেতু শিক্ষকগণ পাঠের শুরুতেই পর্যবেক্ষণ করবেন শিশুরা মৌলিক রং সম্পর্কে চিনতে এবং বলতে পারে কি না? যে সকল শিশু তুলনামূলকভাবে পিছিয়ে আছে তাদের প্রতি বিশেষ যত্নবান হবেন।

## পাঠ-২

এই পাঠে শিশুরা মৌলিক রংগুলো একটার সাথে একটা মিশিয়ে নতুন নতুন রং তৈরি করতে শিখবে।

## শিখনফল

৬.১.২ দুইটি মৌলিক রঙ মিশ্রণের ফলে যে যে রং তৈরি হয়, সেগুলোর নামসহ পরিচয় জানতে পারবে। রংগুলো ব্যবহার করে ছবি আঁকতে পারবে।

## উপকরণ

কার্টিজ পেপার, পেনসিল, জলরং, কালার প্যালেট, তুলি ইত্যাদি।



## বিষয়বস্তু

৬.১.২ মৌলিক রং একটির সাথে অন্যটি মিশিয়ে নতুন রং তৈরি।

## শিখন শেখানো কার্যাবলি

এই পাঠে শিশুরা মৌলিক রং একটির সাথে অন্যটি মিশিয়ে নতুন নতুন রং সৃষ্টি করবে। নতুন রঙের নাম জানবে। রং মিশ্রণের সময় দুইটি রঙের পরিমাণের কমবেশি হওয়ার কারণে সৃষ্ট নতুন রঙের তারতম্য ইত্যাদি বিষয় অনুশীলন করবে।

## পরিকল্পিত কাজ

শিক্ষকগণ শিশুদের প্রথমে পরিষ্কার সাদা কালার প্যালেট, একটি পাত্রে পরিষ্কার পানি নিতে বলবেন। তারপর জলরঙে এর প্যালেট থেকে মৌলিক রংগুলো খুঁজে বের করতে বলবেন। মৌলিক রং চিহ্নিত করার পরে দুইটি মৌলিক রংকে প্রথমে সমপরিমাণ এবং পরে কিছুটা কমবেশি করে মিশ্রিত করতে বলবেন। সমমিশ্রণ এবং অসমমিশ্রণের ফলে সৃষ্ট নতুন রং শিশুদের দেখাবেন এবং নাম শেখাবেন। এভাবে প্রত্যেকটি মৌলিক রং একটি অপরটির সাথে সম ও অসমপরিমাণে মিশ্রণ ঘটিয়ে শিশুরা নতুন নতুন রঙের সাথে পরিচিত হবে।

## মূল্যায়ন

রঙের মিশ্রণের এই পাঠটি শিশুরা আনন্দের সাথে করতে পারছে কি না, শিক্ষকগণ সে বিষয়ে সজাগ দৃষ্টি দেবেন।

## পাঠ-৩

এই পাঠেও শিশুরা রঙের মিশ্রণ শিখবে এবং নতুন রঙের নাম জানাসহ সেগুলো ব্যবহার করে ছবি আঁকবে।

## শিখন ফল

৬.১.২ দুইটি মৌলিক রং মিশ্রণের ফলে যে সকল রং তৈরি হয় সেগুলোর নামসহ পরিচয় জানতে পারবে। রংগুলো ব্যবহার করে ছবি আঁকতে পারবে।

## উপকরণ

কার্টিজ পেপার, পেনসিল, জলরং, কালার প্যালেট, তুলি ইত্যাদি।



## বিষয়বস্তু

৬.১.২ রঙের মিশ্রণ শেখা এবং ছবি আঁকা।

## শিখন শেখানো কার্যাবলি

এই পাঠেও শিশুরা একটি মৌলিক রঙের সাথে অন্য মৌলিক রং মিশিয়ে নতুন নতুন রং সৃষ্টি করবে। নতুন রঙের নাম জানবে। রঙের ঘনত্ব এবং পরিমাণে কম বেশি হওয়ায় সৃষ্ট রঙের তারতম্য শনাক্ত করবে। পাশাপাশি মিশ্রিত রং দিয়ে ইচ্ছেমতো ছবি আঁকবে।

## পরিকল্পিত কাজ

পূর্বের ন্যায় শিক্ষকগণ শিশুদের পরিষ্কার কালার প্যালেটে পরিষ্কার পানি ও তুলি ব্যবহার করে মৌলিক রং মিশ্রণের মাধ্যমে সৃষ্ট নতুন রঙের নাম, বৈশিষ্ট্য জানানোসহ সেসব রং ব্যবহার করে ছবি আঁকতে বলবেন এবং এই পাঠে শিক্ষকগণ শিশুদের সার্বক্ষণিক সহযোগিতা করবেন।

### মূল্যায়ন
শিশুদের রং মিশ্রণে আগ্রহ ও মনোযোগের বিষয়টি শিক্ষকগণ বিশেষভাবে লক্ষ রাখবেন ।

## পাঠ-৪
পূর্বের ন্যায় এই পাঠেও শিশুরা রং মিশ্রণ এবং সেই রং ব্যবহার করে ছবি আঁকবে ।

### শিখন ফল
৬.১.২ দুইটি মৌলিক রঙ মিশ্রণের ফলে যে সকল রং তৈরি হয় সেগুলোর নামসহ পরিচয় জানতে পারবে । রঙগুলো ব্যবহার করে ছবি আঁকতে পারবে ।

### উপকরণ
কার্টিজ পেপার, পেনসিল, জলরং, কালার প্যালেট, তুলি ইত্যাদি ।



## বিষয়বস্তু

৬.১.২ রঙের মিশ্রণ শেখা এবং ছবি আঁকা।

## শিখন শেখানো কার্যাবলি

এই পাঠে শিশুরা একটির সাথে অন্য একটি মিশ্রিত রঙের মিশ্রণ শিখবে এবং নতুন রঙের নাম ও বৈশিষ্ট্য সম্পর্কে অনুশীলন করবে। সাদা কাগজের উপর মৌলিক রং সহ শিশুর তৈরি সকল মিশ্রিত রঙ দেখিয়ে একটি ছক তৈরি করবে এবং প্রতিটি রঙের পাশে রঙের নাম লিখবে। পাশাপাশি সেই সব মিশ্রিত রং ব্যবহার করে ছবি আঁকবে।

## পরিকল্পিত কাজ

শিক্ষকগণ শিশুদের সাদা কাগজের উপর অনেকগুলো ঘরের মাধ্যমে একটি ছক তৈরি করতে সহযোগিতা করবেন। তারপর কালার প্যালেটে মৌলিক রঙের সাথে অন্য একটি মৌলিক রং পক্ষান্তরে মৌলিক রঙের সাথে মিশ্রিত রং এবং মিশ্রিত রঙের সাথে অপর একটি মিশ্রিত রং মিশিয়ে নতুন নতুন রং তৈরি করতে উৎসাহিত করবেন। এই রংগুলো দিয়ে সাদা কাগজের উপর ছক তৈরি করতে সহায়তা করবেন এবং প্রত্যেকটি রঙের নাম লিখতে বলবেন। এইভাবে শিশুরা রং তৈরির খেলার মাধ্যমে তাদের মনের মধ্যে নতুনত্বের প্রতি আগ্রহের সৃষ্টি হবে। পরবর্তীতে সেই সব রং ব্যবহার শিশুদেরকে করে ছবি আঁকতে উৎসাহিত করবেন। শিক্ষকগণ তুলনামূলক অধিক মিশ্রিত রঙে আঁকা কয়েকটি ছবি নমুনা হিসেবে শ্রেণিকক্ষে প্রদর্শন করতে পারেন।

## মূল্যায়ন

শিশুরা রঙের মিশ্রণ করতে গিয়ে তাদের মানসিক অবস্থা বা পরিবর্তন সম্পর্কে শিক্ষকগণ খেয়াল রাখবেন। তাদের আঁকা ছবিতে অধিক পরিমাণে মিশ্রিত রঙের ব্যবহার হয়েছে কি না পর্যবেক্ষণ করবেন।

**সপ্তম অধ্যায়**

# অন্যান্য উপকরণের সাথে পরিচিত হওয়া

## অর্জন উপযোগী যোগ্যতা

৭.১ কাদামাটি, রঙিন কাগজ, আঠা, পাঠখড়ি, খেজুর পাতা, নারিকেল পাতা, ঝিনুক, নুড়ি পাথর, পুঁতি, ডিমের খোসা, ছোট-বড় কাঠের টুকরো ইত্যাদি দিয়ে ছবি ও অন্যান্য শিল্পকর্ম বানাতে পারা।

## শিখন ফল

৭.১.১ ছবি আঁকার উপকরণ ছাড়াও অন্যান্য উপকরণ সম্পর্কে ধারণা এবং সেগুলো ব্যবহার করে বিভিন্ন রকমের গহনা, সাজসজ্জার জিনিস, খেলনা ইত্যাদি বানাতে পারবে।

## পাঠ বিভাজন-২টি পাঠ

## পাঠ-১

এই পাঠে শিশুরা ছবি অঁকার প্রচলিত উপকরণ ছাড়াও অন্যান্য যেসব উপকরণের মাধ্যমে শিল্পকর্ম তৈরি করা যায়, সেসব উপকরণের সাথে পরিচিত হবে।

## শিখনফল

৭.১.১ ছবি আঁকার উপকরণ ছাড়াও অন্যান্য উপকরণ সম্পর্কে ধারণা এবং সেগুলো ব্যবহার করে বিভিন্ন রকমের গহনা, সাজসজ্জার জিনিস, খেলনা ইত্যাদি বানাতে পারবে।

## উপকরণ

কাদামাটি, রঙিন কাগজ, রঙিন কাপড়, আঠা, পাটখড়ি, ডিমের খোসা ইত্যাদি।






## বিষয়বস্তু

৭.১.১ অন্যান্য উপকরণ ব্যবহার করে ছবি বা শিল্পকর্ম তৈরির দক্ষতা অর্জন করা ।

## শিখন শেখানো কার্যাবলি

এই পাঠে শিশুরা কাগজ, পেনিসল, রং ইত্যাদি ছবি আঁকার প্রচলিত উপকরণ ছাড়াও অন্যান্য উপকরণের সাথে পরিচিত হবে । সাধারণত এই সকল উপকরণ আমাদের আশেপাশে অবস্থিত এবং তুলনামূলক সহজলভ্য যা দিয়ে খুব সহজেই সুন্দর এবং দৃষ্টিনন্দন সব ছবি বা শিল্পকর্ম সৃষ্টি করা যায় ।

## পরিকল্পিত কাজ

শিক্ষকগণ শিশুদেরকে শিক্ষাদানের পূর্বে উপকরণে উল্লেখিত দ্রব্যাদি সংগ্রহ করবেন এবং শ্রেণিকক্ষে নিয়ে আসবেন । প্রত্যেকটি উপকরণ শিশুদের সামনে উপস্থাপন করবেন এবং পরিচিতি তুলে ধরবেন । উপকরণের নাম, কোথায় পাওয়া যায়, কোন ধরনের শিল্পকর্ম তৈরি করা যায় ইত্যাদি বিষয়ে শিশুদের অবহিত করবেন । প্রদর্শিত উপকরণের মাধ্যমে তৈরি একাধিক শিল্পকর্ম নমুনা হিসেবে শ্রেণিকক্ষে প্রদর্শন করবেন । শিশুদের আগ্রহ ও উৎসাহ বৃদ্ধির জন্য তাদের হাতে উপকরণগুলো দেবেন এবং নেড়েচেড়ে দেখতে বলবেন । এ ছাড়া শিক্ষকগণ শিশুদের উপকরণগুলো সংগ্রহ করে শ্রেণিকক্ষে প্রদর্শন করা শিল্পকর্ম ছাড়াও আর কী ধরনের শিল্পকর্ম করা যায় সে বিষয়ে নতুন নতুন পরিকল্পনা করতে বলবেন ।

## মূল্যায়ন

শিশুরা নতুন এই সব উপকরণ সম্পর্কে এবং এর মাধ্যমে তৈরি শিল্পকর্ম সম্পর্কে কতটুকু আগ্রহী এবং আন্তরিক শিক্ষকগণ সে বিষয়ে লক্ষ রাখবেন ।

## পাঠ-২
পূর্বের পাঠের ন্যায় শিশুরা এই পাঠেও অন্যান্য উপকরণের সাথে পরিচিত হবে।

### শিখনফল
৭.১.১ ছবি আঁকার উপকরণ ছাড়াও অন্যান্য উপকরণ সম্পর্কে ধারণা এবং সেগুলো ব্যবহার করে বিভিন্ন রকমের গহনা, সাজ-সজ্জার জিনিস, খেলনা ইত্যাদি বানাতে পারবে।

### উপকরণ
খেজুর পাতা, নারিকেল পাতা, ঝিনুক, নুড়ি পাথর, পুঁতি, ছোট বড় কাঠের টুকরো ইত্যাদি।





### বিষয়বস্তু
৭.১.১ অন্যান্য উপকরণ ব্যবহার করে ছবি বা শিল্পকর্ম তৈরির দক্ষতা অর্জন করা।

### শিখন শেখানো কার্যাবলি
পূর্বের পাঠের ন্যায় শিশুরা এই পাঠেও ছবি বা শিল্পকর্ম তৈরি করার অন্যান্য উপকরণের সাথে পরিচিত হবে। এইসব উপকরণ ব্যবহার করে কোন ধরনের শিল্পকর্ম করা যায় সে বিষয়ে ধারণা অর্জন করবে।

### পরিকল্পিত কাজ
এই পাঠের উপকরণে উল্লিখিত দ্রব্যাদি সংগ্রহ করে শিক্ষকগণ শ্রেণিকক্ষে পাঠদানের জন্য প্রস্তুতি নেবেন। এছাড়া এসব উপকরণ দিয়ে তৈরি বিভিন্ন শিল্পকর্ম সংগ্রহ করে শ্রেণিকক্ষে প্রদর্শন করবেন। উপকরণগুলো শিশুদের হাতে দিয়ে নেড়েচেড়ে দেখতে দেবেন। পাশাপাশি উপকরণের নাম, কোথায় পাওয়া যায় ইত্যাদি বিষয়ে শিশুদের অবহিত করবেন। পরবর্তীতে অন্যান্য উপকরণের মাধ্যমে নির্ধারিত পাঠের জন্য উপকরণ সংগ্রহ এবং নতুন নতুন শিল্পকর্ম তৈরি করার পরিকল্পনা করার জন্য শিশুদের উৎসাহিত করবেন।

### মূল্যায়ন
উপকরণ পরিচিতি পর্বে শিশুদের আগ্রহের বিষয়ে শিক্ষকগণ বিশেষ নজর দেবেন।

## অষ্টম অধ্যায়
# কাদামাটি দিয়ে বিভিন্ন জিনিস তৈরি করা

### অর্জন উপযোগী যোগ্যতা

৮.১ মাটি দিয়ে বিভিন্ন মাপের ফলক বানাতে শিখবে। নরম মাটির এই ফলক কখনো খোদাই করে কখনো আলগা মাটি যুক্ত করে ফলকের তল উঁচু-নিচু করে ইচ্ছেমতো ছবি ও নকশাধর্মী ছবি তৈরি করতে পারা।

### শিখন ফল

৮.১.১ কাদ মাটি দিয়ে নকশা খচিত বিভিন্ন রকম ফলক নির্মাণের কৌশল আয়ত্ত করতে পারবে।

৮.১.২ নকশাধর্মী অথবা ধারাবাহিক কাহিনিভিত্তিক ছবি দিয়ে তৈরি ফলকের বিভিন্ন প্রকার ব্যবহার সম্পর্কে বর্ণনা করতে পারবে।

### পাঠ বিভাজন-৫টি পাঠ

### পাঠ-১

এই পাঠে শিশুরা কাদামাটি দিয়ে ফলক নির্মাণের জন্য কাদামাটি সংগ্রহ এবং প্রস্তুত করতে শিখবে।

### শিখনফল

৮.১.১ কাদামাটি দিয়ে নকশা খচিত বিভিন্ন রকম ফলক নির্মাণের কৌশল আয়ত্ত করতে পারবে।

### উপকরণ

কাদামাটি (এঁটেল এবং দোআঁশ মাটি)।



## বিষয়বস্তু

৮.১.১ কাদামাটিকে কাজের উপযোগী করা ।

## শিখন শেখানো কার্যাবলি

শিশুরা পূর্ববর্তী শ্রেণিতে কাদামাটির মাধ্যমে খেলনা ইত্যাদি তৈরি করতে শিখলেও কীভাবে কাদামাটি সংগ্রহ করতে হয় এবং জিনিসপত্র তৈরি করার উপযোগী করে তুলতে হয়, সে বিষয়ে কোনো পাঠ গ্রহণ করেনি । এই পাঠে শিশুরা মাটি সংগ্রহ এবং প্রস্তুতকরণ সম্পর্কে পাঠ গ্রহণ করবে ।

## পরিকল্পিত কাজ

শিক্ষকগণ শিশুদের ধারণা দেবেন কীভাবে তারা কাদামাটির শিল্পকর্ম তৈরি করার উপযোগী উপকরণ সংগ্রহ করতে পারবে। মূলত কাদামাটি দিয়ে কোনো জিনিস বানাতে হলে দরকার হয় এঁটেল মাটি। এই এটেল মাটি সংগ্রহ করা যায় সমতল ভূমির প্রায় ৮-১০ ফুট নিচ থেকে। আরও বেশি সহজলভ্য হয় নদী অথবা খালের তলদেশ থেকে। তবে শুধু এটেল মাটি দিয়ে কিছু তৈরি করলে বাঁকা হয়ে যায় এবং ফেটে যায়। তাই এঁটেল মাটির প্রায় অর্ধেক পরিমাণ দোআঁশ মাটি মিলিয়ে পানি দিয়ে চটকে ছেনে নিতে হয়। কাদামাটিকে যত বেশি ছেনা হবে, মাটি তত বেশি কাজের উপযোগী হয়ে উঠবে। এই সময় মাটির মধ্যে থাকা বিভিন্ন প্রকার ময়লা, পাথর, ইটের কণা ইত্যাদি পরিষ্কার করে নিতে হয়। দুই হাতের সাহায্যে চেপে চেপে মাটি ছেনার সময় মাটির ভিতরে থাকা বাতাস বেরিয়ে যায় তাতে করে তৈরি করা জিনিসপত্র পুড়িয়ে শক্ত করার সময় ফেটে কিংবা ভেঙে যায় না। এই বিষয়গুলো শিক্ষকগণ শিশুদেরকে বুঝিয়ে বলবেন এবং শ্রেণিকক্ষে মাটি তৈরি করার পরিবেশ সৃষ্টি করবেন। প্রত্যেক শিশুকে মাটি প্রস্তুত করার কাজে অংশগ্রহণে উদ্বুদ্ধ করবেন যেন তারা ভবিষ্যতে এই মাধ্যমে কাজ করতে চাইলে নিজেই উপকরণ সংগ্রহ এবং প্রস্তুত করতে পারে। এ ছাড়া বিভিন্ন কুমারপাড়া থেকে তৈরি করা মাটি ক্রয় করা যায়। এ বিষয়ে শিক্ষকগণ শিশুদেরকে অবহিত করবেন।

## মূল্যায়ন

শিশুরা মাটি প্রস্তুত করার এই পাঠটি মনোযোগের সাথে করছে কি না সে বিষয়ে শিক্ষকগণ পর্যবেক্ষণ করবেন। অবশ্যই সকল শিশু যেন এই পাঠে স্বতস্ফূর্তভাবে অংশগ্রহণ করে, সে বিষয়ে শিক্ষকগণ সজাগ দৃষ্টি রাখবেন।

## পাঠ-২

এই পাঠে শিশুরা প্রস্তুত করা কাদামাটি দিয়ে স্ল্যাব বা সমতল ফলক তৈরি করা শিখবে।

## শিখন ফল

৮.১.১ কাদামাটি দিয়ে নকশা খচিত বিভিন্ন রকম ফলক নির্মাণের কৌশল আয়ত্ত করতে পারবে।

## উপকরণ

কাদামাটি, বেলনা, একই মাপের দুইটি কাঠের বিট, ধাতব এবং কাঠ বা বাঁশের তৈরি টুলস ইত্যাদি।



## বিষয়বস্তু

৮.১.১ কাদামাটি দিয়ে স্ল্যাব বা সমতল ফলক তৈরি করা ।

## শিখন শেখানো কার্যাবলি

শিশুরা এই পাঠে পূর্বের পাঠে শেখা এবং প্রস্তুত করা কাদামাটি দিয়ে সমতল ফলক তৈরি করা শিখবে । এই ফলকগুলো বিভিন্ন মাপের আয়তক্ষেত্র বা বর্গক্ষেত্র আকৃতির হতে পারে ।

## পরিকল্পিত কাজ

শিক্ষকগণ শিশুদের এক দলা কাদামাটি নিতে বলবেন তারপর একটি শক্ত বোর্ড বা চওড়া কাঠের উপর রেখে হাতের সাহায্যে চেপে চেপে সমানভাবে পাতলা করতে বলবেন । মাটির দলা পাতলা হতে হতে ৩ ইঞ্চি পরিমাণ পুরুত্বে আসলে একই পুরুত্বের দুইটি কাঠের বিট মাটির দুই পাশে রেখে কাঠের বেলনা দিয়ে এমনভাবে বেলতে হবে যেন বেলনের দুই প্রান্ত কোনোভাবে কাঠের বিটের উপর থেকে পড়ে না যায় । এইভাবে মাটির দলাটি কাঠের বিটের পুরুত্বের সমান সমতল আকার ধারণ করলে বেলা বন্ধ করতে হবে । একটা বিষয় শিক্ষকগণ শিশুদের অবহিত করবেন যে, মাটির দলাটি তারা যে পরিমাণ পুরু বা মোটা রাখতে চায় সেই পরিমাণ মোটা কাঠের বিট ব্যবহার করতে হবে । তারপর বিট দুটো এবং বেলনা সরিয়ে রেখে যে মাপের মাটির ফলক তারা নির্মাণ করতে চায় সেই মাপে মাটির স্ল্যাবটি ছুরি দিয়ে কেটে নিতে হবে । এই ক্ষেত্রে শিক্ষকগণ সবার জন্য একটি মাপ (৬ × ৬ ইঞ্চি) অথবা (৬ × ৮ ইঞ্চি) নির্ধারণ করে দেবেন । এই স্ল্যাবটি পলিথিন কাগজে ভালো করে মুড়িয়ে রাখতে বলবেন যেন বাতাস না লাগে এবং শুকিয়ে না যায় । পরবর্তী পাঠে এই স্ল্যাবের উপর ফলক নির্মাণ করা হবে এই বিষয়টি তাদের অবহিত করবেন ।

## মূল্যায়ন

মাটির স্ল্যাব তৈরির পাঠটি শিশুরা সঠিকভাবে আনন্দের সাথে করতে পারছে কি না, সে বিষয়ে শিক্ষকগণ বিশেষভবে খেয়াল রাখবেন । কোনো শিশু একটু পিছিয়ে থাকলে শিক্ষকগণ তাকে সহায়তা করে স্ল্যাব বানানো সম্পন্ন করবেন ।

## পাঠ-৩

এই পাঠে শিশুরা তাদের তৈরি করা মাটির স্ল্যাবের উপর খোদাই করে নকশা তৈরি করতে শিখবে ।

## শিখনফল

৮.১.১ কাদামাটি দিয়ে নকশা খচিত বিভিন্ন রকম ফলক নির্মাণের কৌশল আয়ত্ব করতে পারবে ।

## উপকরণ

কাদামাটির স্ল্যাব, ধাতব এবং কাঠের বা বাঁশের তৈরি বিভিন্ন প্রকার টুলস ।





## বিষয়বস্তু

৮.১.১ কাদামাটির স্ল্যাবের উপর ইচ্ছেমতো নকশা তৈরি ।

## শিখন শেখানো কার্যাবলি

শিশুরা পূর্বের পাঠে তৈরি করা মাটির স্ল্যাবের উপর তাদের ইচ্ছেমতো ফুল, লতা-পাতা কিংবা জ্যামিতিক নকশা অঙ্কন করে খোদাই পদ্ধতিতে মাটির ফলক নির্মাণ করবে ।

## পরিকল্পিত কাজ

শিক্ষকগণ শিশুদেরকে তাদের তৈরি করা মাটির স্ল্যাবের সমান কাগজে তাদের ইচ্ছেমতো যে কোনো নক্‌শা পেনসিল দিয়ে আঁকতে বলবেন । এ ক্ষেত্রে কিছু নকশার নমুনা শিক্ষক শ্রেণিকক্ষে প্রদর্শন করতে পারেন যা থেকে শিশুরা নক্‌শা আঁকার ধারণা পেতে পারে । তার পর কাগজে অঙ্কিত নকশাটি মাটির স্ল্যাবের উপর রেখে পেনসিল দিয়ে পুনরায় নকশাটি চেপে চেপে আঁকতে বলবেন । আঁকা শেষ হলে কাগজটি উঠিয়ে ফেললে দেখা যাবে কাগজের নকশাটি মটির স্ল্যাবের উপর স্পষ্টভাবে আঁকা হয়ে গেছে । এ ক্ষেত্রে কোনো শিশু যদি কাগজে নকশা না এঁকে সরাসরি মাটির উপর আঁকতে সক্ষম হয় তাকে সেভাবেই শিক্ষকগণ কাজ করার সুযোগ দেবেন । তারপর ছোট এবং চিকন ছুরি দিয়ে খোদাই করে নকশার যে অংশটুকু উঁচু রাখতে চায় সে অংশটুকু বাদ রেখে শুধু নিচু অংশটুকু খোদাই বা গর্ত করে মাটি উঠিয়ে নিয়ে কাঠের টুলসের মাধ্যমে মসৃণ করে ফলক নির্মাণের কাজটি সম্পন্ন করবে ।

## মূল্যায়ন

মাটির ফলক নির্মাণ শিশুদের জন্য খুব সহজ কাজ নয়, তাই শিক্ষকগণ লক্ষ রাখবেন শিশুরা যেন কাজের আগে তুলনামূলক সহজ নকশা নির্বাচন করে। পাশাপাশি খোদাইকাজে অসুবিধার সম্মুখীন হলে শিক্ষক নিজে শিশুদেরকে খোদাই করার কাজে সহযোগিতা করবেন।

## পাঠ-৪

এই পাঠে শিশুরা মাটির স্ল্যাবের উপর মানুষ, পশু-পাখি ইত্যাদি বিষয় নিয়ে একটি রিলিফ চিত্র নির্মাণ করতে শিখবে।

## শিখনফল

৮.১.২ নকশাধর্মী অথবা ধারাবাহিক কাহিনিভিত্তিক ছবি দিয়ে তৈরি ফলকের বিভিন্ন প্রকার ব্যবহার সম্পর্কে বর্ণনা করতে পারবে।

## উপকরণ

কাদামাটির স্ল্যাব, ধাতব এবং কাঠের বা বাঁশের বিভিন্ন প্রকার টুলস।



### বিষয়বস্তু

৮.১.১ কাদামাটির স্ল্যাবের উপর রিলিফ চিত্র নির্মাণ।

### শিখন শেখানো কার্যাবলি

এই পাঠে শিশুরা পূর্বের পাঠের ন্যায় কাদামাটির স্ল্যাবের উপর খোদাই করে মানুষ, পশু-পাখি ইত্যাদি বিষয় নিয়ে রিলিফ চিত্র নির্মাণ করবে।

### পরিকল্পিত কাজ

শিক্ষকগণ শিশুদেরকে তাদের তৈরি মাটির স্ল্যাবের উপর পূর্বের পাঠের ন্যায় খোদাই করে রিলিফ চিত্র নির্মাণ করতে উৎসাহিত করবেন। কাগজে বা মাটির উপর সরাসরি কোনো কাহিনি কিংবা মানুষ, পশু-পাখি ইত্যাদি বিষয় নিয়ে কোনো দৃশ্য অঙ্কন করে ছুরি এবং অন্যান্য টুলস-এর মাধ্যমে খোদাই করে বিষয়বস্তুকে উঁচু রেখে বাকি অংশ গর্ত করে করে এই রিলিফ চিত্র নির্মাণ করবে।

### মূল্যায়ন

শিশুরা স্বাচ্ছন্দ্যে খোদাই করে মাটির ফলক নির্মাণ করতে পারছে কি না শিক্ষকগণ বিশেষভাবে পর্যবেক্ষণ করবেন।

## পাঠ-৫

এই পাঠে শিশুরা মাটির স্ল্যাব খোদাই এবং মাটি যুক্ত করে রিলিফ চিত্র নির্মাণ করতে শিখবে।

### শিখন ফল

৮.১.২ নকশাধর্মী অথবা ধারাবাহিক কাহিনি ভিত্তিক ছবি নিয়ে তৈরি ফলকের বিভিন্ন প্রকার ব্যবহার সম্পর্কে বর্ণনা করতে পারবে।

### উপকরণ

কাদামাটির স্ল্যাব, ধাতব এবং কাঠের বা বাঁশের তৈরি বিভিন্ন প্রকার টুলস।



## বিষয়বস্তু

৮.১.২ ধাবাবাহিক কাহিনিভিত্তিক ছবি এবং ব্যবহারিক দিক ।

## শিখন শেখানো কার্যাবলি

এই পাঠে শিশুরা কোনো একটি কাহিনির ধারাবাহিকভাবে চিত্র এঁকে সেই ছবি মাটির উপর খোদাই এবং মাটি যুক্ত করে রিলিফ চিত্র নির্মাণ করবে ।

## পরিকল্পিত কাজ

শিশুরা কোনো একটি গল্প বা ঘটনার উপর ভিত্তি করে ২টা-৩টা ছবি আঁকবে । তারপর সেগুলো মাটির ফলকের উপর এঁকে পূর্বের ন্যায় খোদাই করে এবং যে অংশ বেশি উঁচু করা প্রয়োজন, সেই অংশে আলাদা মাটি যুক্ত করে রিলিফ চিত্র নির্মাণ করবে । শিক্ষকগণ শিশুদের অবহিত করবেন যে এই সকল ফলক আগুনে পুড়িয়ে দীর্ঘস্থায়ী করে যেকোনো দেওয়ালে স্থাপন করলে সেই বিল্ডিং-এর শোভা বৃদ্ধি পেয়ে অন্যান্য বিল্ডিং-এর চেয়ে অনেক অনেক বেশি আকর্ষণীয় রূপ লাভ করে ।

## মূল্যায়ন

শিশুরা এই পাঠটি কতটুকু আয়ত্ত করতে পেরেছে, সে বিষয়ে শিক্ষকগণ পর্যবেক্ষণ করবেন । কোনো শিশু রিলিফ চিত্র নির্মাণে অন্যদের তুলনায় দুর্বল পরিলক্ষিত হলে তার প্রতি শিক্ষকগণ বিশেষ দৃষ্টি দেবেন ।

## নবম অধ্যায়

# রঙিন ও সাদা-কালো কাগজ ছিঁড়ে বা কেটে আঠা লাগিয়ে নানা রকম শিল্পকর্ম তৈরি এবং রঙিন টুকরো কাপড় কেটে আঠা দিয়ে লাগিয়ে ছবি তৈরি করা

### অর্জন উপযোগী যোগ্যতা

৯.১ রঙিন কাগজ বা কাপড় দিয়ে শিশুর ইচ্ছেমতো ছবি ও নকশা তৈরি করতে পারা।

### শিখন ফল

৯.১.১ রঙিন টুকরো কাগজ বা কাপড় দিয়ে বিভিন্ন প্রকার ছবি বা নকশা তৈরি করতে পারবে।

৯.১.২ নকশা বা ছবির সাহায্যে বিভিন্ন ঘরোয়া অনুষ্ঠান, জন্মদিন, বিয়ে, ধর্মীয় অনুষ্ঠান ইত্যাদিতে সাজ-সজ্জার কাজ করতে পারবে।

৯.১.৩ বিদ্যালয় কিংবা অন্যান্য প্রতিষ্ঠানে বিভিন্ন জাতীয় অনুষ্ঠান ঐতিহ্যবাহী অনুষ্ঠান ও সামাজিক অনুষ্ঠানে সাজসজ্জা ও মঞ্চসজ্জা করতে পারবে।

## পাঠ বিভাজন-৫টি পাঠ

### পাঠ-১

এই পাঠে শিশুরা রঙিন ও সাদা-কালো কাগজ ছিঁড়ে বা কেটে আঠা দিয়ে লাগিয়ে নানা রকম শিল্পকর্ম তৈরি করবে।

### শিখনফল

৯.১.১ রঙিন টুকরো কাগজ ও সাদা-কালো কাগজ দিয়ে বিভিন্ন প্রকার ছবি বা নকশা তৈরি করতে পারবে।

### উপকরণ

বিভিন্ন রঙের কাগজ, আঠা, কাঁচি, শক্ত বোর্ড ইত্যাদি।



## বিষয়বস্তু

**৯.১.১** রঙিন কাগজ দিয়ে ছবি বা নকশা তৈরি ।

## শিখন শেখানো কার্যাবলি

শিশুরা এই পাঠে একটি শক্ত কাগজের বোর্ডের উপর রঙিন কাগজ ছিঁড়ে এবং প্রয়োজনে কাঁচি দিয়ে কেটে আঠা লাগিয়ে বিভিন্ন রঙের ফুল এবং প্রজাপতির সমন্বয়ে একটি ছবি বা নকশা তৈরি করবে ।

## পরিকল্পিত কাজ

শিক্ষকগণ শিশুদের প্রথমে সাদা কাগজে ফুল এবং প্রজাপতির সমন্বয়ে ছবি এঁকে নিতে বলবেন। এরপর শিক্ষক এবং শিশু উভয়েই আলোচনা করে কেমন করে কাজটি সম্পন্ন করবেন সেই পরিকল্পনা করবেন। শিশুদের আঁকা ছবিটি সামনে রেখে তারা ছবি অনুযায়ী রঙিন কাগজ হাত দিয়ে ছিঁড়ে এবং কাঁচি দিয়ে কেটে শক্ত কাগজের বোর্ডের উপর আঠা দিয়ে যুক্ত করবে। এখানে একটি বিষয় খেয়াল রাখতে হবে সাদা কাগজে আঁকা ছবিটি দেখে তারা ধারণা করে রঙিন কাগজ ছিঁড়বে। যদি কোনো শিশু এই পদ্ধতিতে স্বাচ্ছন্দবোধ না করে তাহলে শিক্ষকগণ ঐ শিশুকে শক্ত কাগজের বোর্ডের উপর পেনসিল দিয়ে ছবিটি এঁকে নিতে উৎসাহিত করবেন। শিক্ষকগণ শিশুদের যতটা সম্ভব অধিক এবং উজ্জ্বল রঙের কাগজ ব্যবহার করতে উৎসাহ যোগাবেন।

## মূল্যায়ন

সাধারণত শিশুরা এই মাধ্যমে ছবি বা নকশা তৈরির ক্ষেত্রে আনন্দ ও উৎসাহ নিয়ে করবে। সব শিশু যেন স্বাধীন এবং মনের আনন্দে কাজটি করতে পারে সেই বিষয়ে শিক্ষকগণ সজাগ দৃষ্টি রাখবেন।

## পাঠ-২

এই পাঠেও শিশুরা রঙিন কাগজ ছিঁড়ে বা কেটে আঠা দিয়ে লাগিয়ে নানা রকম ছবি বা নকশা তৈরি করবে।

## শিখনফল

৯.১.১ রঙিন টুকরো কাগজ ও সাদাকালো কাগজ দিয়ে বিভিন্ন প্রকার ছবি বা নকশা তৈরি করতে পারবে।

## উপকরণ

বিভিন্ন রঙের কাগজ, আঠা, কাঁচি, শক্ত বোর্ড ইত্যাদি।



## বিষয়বস্তু

রঙিন কাগজ দিয়ে ছবি বা নকশা তৈরি ।

## শিখন শেখানো কার্যাবলি

শিশুরা এই পাঠে রঙিন কাগজ ছিঁড়ে বা কেটে ফুল, পাখি, পাতার সমন্বয়ে ছবি বা নকশা তৈরি করতে শিখবে ।

## পরিকল্পিত কাজ

পূর্বের পাঠের ন্যায় শিশুরা ফুল, পাখি এবং পাতার সমন্বয়ে কোন ধরনের ছবি আঁকতে চায়, সেই বিষয়ে শিক্ষকগণ আলোচনা করে নেবেন। তারপর শিশুরা আলাদাভাবে সাদা কাগজে অথবা সরাসরি শক্ত কাগজের বোর্ডের উপর ছবিটি পেনসিল দিয়ে এঁকে নেবে। পাশাপাশি তারা পরিকল্পনা করবে কোথায় কোন রঙের কাগজ লাগালে ছবিটি ভালো লাগবে। তারপর রঙিন কাগজ দুই হাতের সাহায্যে ছবি বা নক্‌শা অনুযায়ী ছিঁড়ে প্রয়োজনে কাঁচি দিয়ে কেটে বোর্ডের উপর আঠা দিয়ে যুক্ত করে সম্পূর্ণ ছবিটি সম্পন্ন করবে। শিক্ষকগণ শিশুদের সাথে অংশগ্রহণ করবেন তাতে তাদের উদ্দীপনা বৃদ্ধি পাবে। শ্রেণিকক্ষে এই মাধ্যমের কিছু ছবির নমুনাও প্রদর্শন করবেন। শিশুদের কাজ শেষ হলে শ্রেণিকক্ষে সব ছবি সাজিয়ে শিশুদের দেখাবেন এবং প্রশংসাসুলভ মন্তব্য করবেন। শিশুরা এইভাবে নক্‌শা তৈরি করে ঘরোয়া অনুষ্ঠান, বিয়ে, ধর্মীয় অনুষ্ঠান বিদ্যালয়ে বা অন্যান্য প্রতিষ্ঠানে বিভিন্ন জাতীয় অনুষ্ঠানে সাজ-সজ্জার কাজ করতে পারে সেই বিষয়ে উৎসাহ জোগাবেন।

## মূল্যায়ন

শিশুদের কজের মধ্যে আনন্দ পাওয়া এবং কর্মদক্ষতা সম্পর্কে শিক্ষকগণ পর্যবেক্ষণ করবেন। কোনো শিশু অপেক্ষাকৃত পিছিয়ে থাকলে তার প্রতি বিশেষভাবে দৃষ্টি দেবেন।

## পাঠ-৩


এই পাঠে শিশুরা সাদা-কালো কাগজ ছিঁড়ে বা কেটে বিভিন্ন ছবি বা নকশা তৈরি করতে শিখবে।

## শিখন ফল

**৯.১.২** নকশা বা ছবির সাহায্যে বিভিন্ন ঘরোয়া অনুষ্ঠান, জন্মদিন, বিয়ে, ধর্মীয় অনুষ্ঠান ইত্যাদিতে সাজসজ্জার কাজ করতে পারবে।

## উপকরণ

সাদা এবং কালো রঙের কাগজ, আঠা, কাঁচি, শক্ত কাগজের বোর্ড ইত্যাদি।




## বিষয়বস্তু

৯.১.১ সাদা-কালো কাগজের মাধ্যমে নকশা তৈরি ।

## শিখন শেখানো কার্যাবলি

এই পাঠে শিশুরা শুধু সাদা-কালো কাগজ ছিঁড়ে বা কেটে বোর্ডের উপর আঠা দিয়ে লাগিয়ে নকশা বা ছবি তৈরি করা শিখবে ।

### পরিকল্পিত কাজ

শিক্ষকগণ শিশুদের এই পাঠে শুধু সাদা-কালো রঙের কাগজের মাধ্যমে ছবি বা নকশা করার উপযোগী কোনো বিষয়বস্তু নির্বাচন করতে বলবেন। শিশুরা পূর্বের পাঠের মতো কাগজে বা বোর্ডের উপরে বিষয়বস্তু এঁকে তার উপর সাদা-কালো কাগজ ছিঁড়ে বা কেটে আঠা দিয়ে বসিয়ে ছবি বা নক্‌শা তৈরি করবে। শিক্ষকগণ সাদা-কালো কাগজের মাধ্যমে তৈরি করা কিছু ছবি নমুনা হিসেবে শিশুদের দেখানোর জন্য শ্রেণিকক্ষে নিয়ে আসবেন। শিশুরা কীভাবে এই ধরনের কাজ দিয়ে ঘরোয়া বা প্রাতিষ্ঠানিক বিভিন্ন অনুষ্ঠানে সাজসজ্জা করতে পারে, সে বিষয়ে ধারণা দেবেন।

### মূল্যায়ন

এই পাঠের মাধ্যমে শিশুরা কতটুকু উপকৃত হচ্ছে এবং তাদের সৃষ্টিশীলতার প্রকাশ ঘটাতে পারছে সে বিষয়টি শিক্ষকগণ পর্যবেক্ষণ করবেন।

## পাঠ-৪


এই পাঠে শিশুরা রঙিন টুকরো কাপড় কেটে কেটে বিভিন্ন রকম নকশা বা ছবি তৈরি করবে।

### শিখনফল

৯.১.৩ বিদ্যালয় কিংবা অন্যান্য প্রতিষ্ঠানে বিভিন্ন জাতীয় অনুষ্ঠানে ঐতিহ্যবাহী অনুষ্ঠান ও সামাজিক অনুষ্ঠানে সাজসজ্জা ও মঞ্চসজ্জা করতে পারবে।

### উপকরণ

বিভিন্ন রঙের কাপড়ের টুকরো, প্রিন্টের কাপড়ের টুকরো, কাঁচি, আঠা, শক্ত কাগজের বোর্ড ইত্যাদি।



## বিষয়বস্তু

**৯.১.১** রঙিন কাপড়ের টুকরো দিয়ে ছবি বা নকশা তৈরি।

## শিখন শেখানো কার্যাবলি

শিশুরা এই পাঠে পূর্বের পাঠের ন্যায় ছবি বা নকশা তৈরি করবে। তবে রঙিন কাগজের পরিবর্তে রঙিন কাপড় ব্যবহার করবে। এই মাধ্যমে শিশুরা নকশা বা ছবি তৈরি করে গৃহসজ্জা যেমন— দেয়ালচিত্র, দরজা-জানালার পর্দা বালিশ বা সোফার কভার ইত্যাদি কাজে ব্যবহার করতে পারবে।

## পরিকল্পিত কাজ

শিক্ষকগণ পূর্বের পাঠের ন্যায় এই পাঠে রঙিন কাগজ দিয়ে নকশা তৈরি করতে শিশুদেরকে উৎসাহ জোগাবেন এবং কাজের পরিকল্পনা করবেন। তবে এই পাঠে শিশুরা কাগজের পরিবর্তে শুধু রঙিন কাপড়ের টুকরো ব্যবহার করবে। শিশুরা এই পাঠে বিভিন্ন রঙের টুকরো কাপড় এবং প্রিন্টের কাপড়ের টুকরো ব্যবহার করে পূর্বের অভিজ্ঞতার আলোকে তাদের পছন্দের যে কোনো বিষয়বস্তু নিয়ে নকশা বা ছবি তৈরি করবে। কাপড়ের উপর কলম বা পেনসিল দিয়ে তাদের পছন্দের বিষয় এঁকে নিয়ে তারপর কাপড়টি কাঁচি দিয়ে কেটে আঠা দিয়ে শক্ত কাগজের বোর্ডের ওপর বসাবে। এই পাঠে শিক্ষকগণ শিশুদের কাঁচি দিয়ে কাপড় কাটতে এবং আঠা লাগাতে সহযোগিতা করবেন। শ্রেণিকক্ষে এই মাধ্যমে তৈরি করা কিছু চিত্র নমুনা হিসেবে প্রদর্শন করবেন।

## মূল্যায়ন

রঙিন কাগজের তুলনায় কাপড় ব্যবহার করা শিশুদের জন্য একটু কষ্টসাধ্য হতে পারে। তবে তাদের একাগ্রতা এবং আনন্দের সাথে কাজ করার উপর নির্ভর করবে ফলাফল। শিক্ষকগণ লক্ষ রাখবেন যেন সকল শিশু আনন্দের সাথে এবং নির্বিঘ্নে এই পাঠটি সম্পন্ন করতে পারে।

## পাঠ-৫

এই পাঠেও শিশুরা পূর্বের পাঠের ন্যায় রঙিন কাপড়ের টুকরো আঠা লাগিয়ে ছবি বা নকশা তৈরি করবে।

## শিখনফল

৯.১.৩ বিদ্যালয় কিংবা অন্যান্য অনুষ্ঠানে বিভিন্ন জাতীয় অনুষ্ঠান ঐতিহ্যবাহী অনুষ্ঠান ও সামাজিক অনুষ্ঠানে সাজসজ্জা ও মঞ্চসজ্জা করতে পারবে।

## উপকরণ

বিভিন্ন রঙের কাপড়ের টুকরো, প্রিন্টের কাপড়ের টুকরো, কাঁচি, আঠা, শক্ত কাগজের বোর্ড ইত্যাদি।

## বিষয়বস্তু

৯.১.১ রঙিন কাপড়ের টুকরো দিয়ে ছবি বা নকশা তৈরি।

## শিখন শেখানো কার্যাবলি

শিশুরা এই পাঠেও পূর্বের ন্যায় টুকরো কাপড় কাঁচি দিয়ে কেটে আঠার সাহায্যে যুক্ত করে বিভিন্ন রকম দৃষ্টিনন্দন ছবি বা নকশা তৈরি করবে।



## পরিকল্পিত কাজ

শিশুরা শিক্ষকদের সহযোগিতায় তাদের ইচ্ছেমতো এবং কাজের সুবিধামতো যে কোনো বিষয়বস্তু নিয়ে পূর্বে উল্লেখিত পদ্ধতিতে নকশা বা ছবি তৈরি করবে। শিক্ষকগণ খেয়াল রাখবেন যে শ্রেণিকক্ষের সকল শিশু একই রকম বিষয়বস্তু নির্বাচন থেকে বিরত থাকে। প্রত্যেকে আলাদা আলাদা শিল্পকর্ম করার ফলে শ্রেণি কক্ষে ভিন্ন ভিন্ন রং ভিন্ন ভিন্ন বিষয় ইত্যাদির সমারহ ঘটবে। প্রত্যেক শিশু একে অপরের কাজ দেখে অনুপ্রাণিত হবে। পাঠ শেষে শিশুদের শিল্পকর্ম নিয়ে শিক্ষকগণ একটি উন্মুক্ত প্রদর্শনীর আয়োজন করতে পারেন। বিদ্যালয়ের সকল শিক্ষক, অভিভাবক এবং সকল শ্রেণির শিশুরা তাদের কাজ দেখে আনন্দিত হবেন এবং শিশুরাও উৎসাহ পাবে।

## মূল্যায়ন

এই পাঠের মাধ্যমে শিশুরা কতটুকু শিখতে পারল শিক্ষকগণ সে বিষয়টি পর্যবেক্ষণ করবেন। প্রয়োজনে শিশুদের আরো সহজভাবে নতুন নতুন কৌশল বা পদ্ধতি সম্পর্কে ধারণা দেবেন।

## দশম অধ্যায়

# পাটখড়ি, খেজুরপাতা, নারিকেলপাতা, কলাপাতা, নুড়ি পাথর, ঝিনুক, ডিমের খোসা, ছোট-বড় কাঠের টুকরো ইত্যাদি উপকরণ দিয়ে শিল্পকর্ম তৈরি করা

### অর্জন উপযোগী যোগ্যতা

১০.১. খেজুরপাতা, নারিকেলপাতা, তাল ও কলাপাতা দিয়ে সহজ নকশা এবং পাটি, পাখা ইত্যাদি তৈরি করতে পারা।

### শিখন ফল

১০.১.১ দেশীয় এবং সহজলভ্য কিংবা তুচ্ছ বা পরিত্যক্ত উপকরণের মাধ্যমে বিভিন্ন প্রয়োজনীয় ও গুরুত্বপূর্ণ জিনিস তৈরি করতে পারবে।

### পাঠ বিভাজন-৪টি পাঠ

### পাঠ-১

এই পাঠে শিশুরা খেজুরপাতা দিয়ে বিভিন্ন রকম পাটি তৈরি করা শিখবে।

### উপকরণ

শুকনো খেজুরপাতা, কাঁচি ইত্যাদি।





## বিষয়বস্তু

১০.১.১ খেজুরপাতা দিয়ে পাটি তৈরি ।

## শিখন শেখানো কার্যাবলি

শিশুরা শুকনো খেজুরপাতা দিয়ে বুননের মাধ্যমে পাটি তৈরি করা শিখবে ।

## পরিকল্পিত কাজ

শিক্ষকগণ শিশুদের শুকনো খেজুর পাতা সংগ্রহ করে নিয়ে আসতে বলবেন । খেজুরপাতা দিয়ে তৈরি করা পাটি শিশুদের দেখাবেন এবং পাটি বোনার কৌশল শিশুদেরকে শেখাবেন । শিশুরা শিক্ষকের নির্দেশনা এবং পরামর্শ অনুযায়ী খেজুরপাতা দিয়ে পাটি বুননকার্য রপ্ত করবে । শিশুরা অন্তত ৬ ইঞ্চি পরিমাণ দীর্ঘ পাটি বুনন শিখবে । পরবর্তীতে শিক্ষকগণ কয়েকজনের বোনা কয়েকটি অংশ নিয়ে পাশাপাশি জোড়া দিয়ে পূর্ণাঙ্গভাবে পাটি তৈরির পদ্ধতি দেখিয়ে দেবেন ।

## মূল্যায়ন

শিশুরা খেজুরপাতা সংগ্রহ করে শিক্ষকের নির্দেশনা অনুযায়ী পাটি বুনন সঠিকভাবে শিখছে কি না শিক্ষকগণ সে বিষয়ে পর্যবেক্ষণ করবেন । কোনো শিশুর বুঝতে অসুবিধা হলে শিক্ষকগণ আরো সহজ উপায়ে শিশুর সমস্যা সমাধান করার চেষ্টা করবেন ।

## পাঠ-২

শিশুরা এই পাঠে খেজুরপাতা দিয়ে বুননের মাধ্যমে ছোট ছোট গহনা তৈরি করতে শিখবে ।

## শিখনফল

১০.১.১ দেশীয় এবং সহজলভ্য কিংবা তুচ্ছ বা পরিত্যক্ত উপকরণের মাধ্যমে বিভিন্ন প্রয়োজনীয় ও গুরুত্বপূর্ণ জিনিস তৈরি করতে পারবে ।

## উপকরণ

শুকনো খেজুরপাতা, সুই সুতা, কাঁচি ইত্যাদি ।

## বিষয়বস্তু

১০.১.১ খেজুরপাতার গহনা তৈরি ।

## শিখন শেখানো কার্যাবলি

শিশুরা শুকনো খেজুর পাতা দিয়ে বুননের মাধ্যমে সুন্দর এবং আকর্ষণীয় সব গহনা তৈরি করতে শিখবে ।



### পরিকল্পিত কাজ
শিক্ষকগণ খেজুরপাতা দিয়ে তৈরি কিছু গহনার নমুনা বা ফটোগ্রাফ শিশুদের দেখাবেন এবং এর বুনন কৌশল সম্বন্ধে অবহিত করবেন। শিশুরা বুননকার্য শেষ করে শিক্ষকের সাহায্যে সেগুলো সূই-সুতার মাধ্যমে গেঁথে মালা এবং কানের দুল তৈরি করা শিখবে।

### মূল্যায়ন
শিক্ষকগণ শ্রেণিকক্ষে পাঠ বুঝিয়ে দেওয়ার পর পর্যবেক্ষণ করবেন। কোনো শিশুর এই পাঠ বিষয়ে বুঝতে অসুবিধা হচ্ছে কি না, শ্রেণিকক্ষের সব শিশু যেন পরিপূর্ণভাবে পাঠ লাভ করতে পারে সে বিষয়ে সচেষ্ট থাকবেন।

### পাঠ-৩
এই পাঠে শিশুরা নারিকেলপাতা দিয়ে বুননের মাধ্যমে ছোট ছোট প্লেসম্যাট তৈরি করা শিখবে।

## শিখন ফল

১০.১.১ দেশীয় এবং সহজলভ্য কিংবা তুচ্ছ বা পরিত্যক্ত উপকরণের মাধ্যমে বিভিন্ন প্রয়োজনীয় ও গুরুত্বপূর্ণ জিনিস তৈরি করতে পারবে ।

## উপকরণ

শুকনো নারিকেল পাতা, কাপড়, সুই সুতা, কাঁচি ইত্যাদি ।



## বিষয়বস্তু

১০.১.১ নারিকেলপাতা দিয়ে প্লেসম্যাট তৈরি করা।

## শিখন শেখানো কার্যাবলি

শিশুরা শুকনো নারিকেলপাতা ফালি করে কেটে পাশাপাশি রেখে বুননের মাধ্যমে আকর্ষণীয় প্লেসম্যাট তৈরি করবে।

## পরিকল্পিত কাজ

শিক্ষকগণ শিশুদেরকে শুকনো নারিকেল পাতা সংগ্রহ করে আনতে বলবেন। নারিকেলপাতার তৈরি প্লেসম্যাটের কয়েকটি নমুনা শিশুদের দেখাবেন এবং বুননের পদ্ধতি সম্বন্ধে অবহিত করবেন। শিক্ষকের নির্দেশনা অনুযায়ী বুনন শেষ হলে বিভিন্ন আকৃতিতে সেগুলো কেটে তারপর চিকন কাপড়ের ফিতা তৈরি করে সুই-সুতার মাধ্যমে চারপাশে সেলাই করে দিতে বলবেন।

## মূল্যায়ন

সাধারণ জিনিসপত্র দিয়ে প্রয়োজনীয় এবং আকর্ষণীয় জিনিসপত্র তৈরিতে শিশুরা কতটুকু মনোযোগী এবং স্বার্থকতার সাথে করতে পারছে, সে বিষয়ে শিক্ষকগণ বিশেষভাবে লক্ষ রাখবেন।

# পাঠ-৪

এই পাঠে শিশুরা তালপাতা দিয়ে পাখা তৈরি করা শিখবে।

## শিখনফল

১০.১.১ দেশীয় এবং সহজলভ্য কিংবা তুচ্ছ বা পরিত্যক্ত উপকরণের মাধ্যমে বিভিন্ন প্রয়োজনীয় ও গুরুত্বপূর্ণ জিনিস তৈরি করতে পারবে।

## উপকরণ

শুকনো তালপাতা, বাঁশ, চটা, বাঁশের তৈরি চিকন শলা, রঙিন কাপড়, সুই-সুতা ইত্যাদি।

## বিষয়বস্তু

১০.১.১ তালপাতার পাখা।

## শিখন শেখানো কার্যাবলি

শিশুরা শুকনো তালপাতা দিয়ে বুননের মাধ্যমে এবং সুই-সুতার সেলাইয়ের মাধ্যমে আকর্ষণীয় পাখা তৈরি করা শিখবে।



## পরিকল্পিত কাজ

শিক্ষকগণ শিশুদের তালপাতা সংগ্রহ করে নিয়ে আসতে বলবেন। তারপর শ্রেণিকক্ষে তালপাতার তৈরি কয়েকটি পাখার নমুনা বা ফটোগ্রাফ দেখাবেন। শুকনো তালপাতাকে ফালি করে চিরে নিয়ে পূর্বের পাঠের মতো সহজ বুননের জন্য উৎসাহিত করবেন। বুনন শেষ হলে বুননের চারপাশে বাঁশের শলা বসিয়ে সুই-সুতার মাধ্যমে সেলাই করতে বলবেন। তারপর রঙিন কাপড় দিয়ে চারপাশ মুড়ে সেলাই করতে বলবেন। শেষে বাঁশের চটার এক প্রান্ত চিরে তার ফাঁকে বুননের এক প্রান্ত প্রবেশ করিয়ে সুঁই-সুতার মাধ্যমে শক্ত করে সেলাই করতে বলবেন। প্রয়োজনে শিক্ষকগণ শিশুদের সাথে নিজেও অংশগ্রহণ করে তাদেরকে উৎসাহিত করবেন। কাজ শেষে তাদের তৈরি পাখা ব্যবহার করে বাতাস খেতে বলবেন। এতে শিশুরা নিজের সৃষ্টিশক্তি সম্পর্কে আরো বেশি উদ্দীপনা পাবে।

## মূল্যায়ন

প্রত্যেকটি পাঠে শিশুদের মনোযোগ অত্যন্ত জরুরি। শিশুদের মনোযোগ বৃদ্ধির জন্য শিক্ষকগণ শ্রেণিকক্ষে আনন্দঘন পরিবেশ সৃষ্টি করতে সচেষ্ট থাকবেন।

একাদশ অধ্যায়

# পাট দিয়ে রশি, বেণি ও অন্যান্য সহজ জিনিস তৈরি করতে শেখা

## অর্জন উপযোগী যোগ্যতা

১১.১ পাট ও পাটের রশি দিয়ে বেণি, শিকা ও অন্যান্য সহজ জিনিস তৈরি করতে পারা।

## শিখনফল

১১.১.১ পাট ও পাটের রশি দিয়ে বেণি পদ্ধতিতে শিকা, ঝুড়িসহ বিভিন্ন ব্যবহার্য ও নান্দনিক সামগ্রী নির্মাণ করতে পারবে।

## পাঠ বিভাজন-৪টি পাঠ

## পাঠ-১

এই পাঠে শিশুরা পাট দিয়ে পুতুল তৈরি করতে শিখবে।

### শিখনফল

১১.১.১ পাট ও পাটের রশি দিয়ে বেণি পদ্ধতিতে শিকা, ঝুড়িসহ বিভিন্ন ব্যবহার্য ও নান্দনিক সামগ্রী নির্মাণ করতে পারবে।

### উপকরণ

পাট, কাঁচি ইত্যাদি।

### বিষয়বস্তু

১১.১.১ পাটের রশি এবং বেণি তৈরি।

### শিখন শেখানো কার্যাবলি

শিশুরা পাট হাতের সাহায্যে পাকিয়ে রশি তৈরি করা শিখবে এবং পাটের গোছা তিন ভাগে ভাগ করে বেণি তৈরি করতে শিখবে।



## পরিকল্পিত কাজ

শিক্ষকগণ শ্রেণিকক্ষে পাটের তৈরি রশি এবং বেণি সংগ্রহ করে নিয়ে আসবেন এবং শিশুদের সামনে প্রদর্শন করবেন। দুই হাতের তালুর সাহায্যে পাকিয়ে পাট থেকে কীভাবে রশি তৈরি করা যায় এবং একগোছা পাটকে তিনভাগে ভাগ করে মাঝের গোছা বাদ রেখে দুই পাশের দুই গোছা সামনে নিয়ে এসে পেঁচিয়ে আবার পিছনের গোছাকে সামনে নিয়ে এসে বেণি করার পদ্ধতি শিশুদেরকে দেখাবেন। শ্রেণিকক্ষের সকল শিশু আলাদা আলাদাভাবে যেন এই পাঠটি গ্রহণ করতে পারে, সে বিষয়ে শিক্ষকগণ ব্যবস্থা গ্রহণ করবেন।

## মূল্যায়ন

শিক্ষকের দেখানো পদ্ধতিতে শিশুরা পাটের রশি এবং বেণি তৈরি করতে সক্ষম হচ্ছে কি না সে বিষয়ে শিক্ষক বিশেষভাবে দৃষ্টি দেবেন। কোনো শিশুর বুঝতে অসুবিধা হলে শিক্ষকগণ বিশেষ যত্নের সাথে বুঝিয়ে দেবেন।

## পাঠ-২

এই পাঠে শিশুরা পাট দিয়ে রশি এবং বেণি তৈরি করতে শিখবে।

### উপকরণ

পাট, সুতা, আঠা, রং, তুলি ইত্যাদি।

### বিষয়বস্তু

১১.১.১ পাট দিয়ে পুতুল তৈরি।



### শিখন শেখানো কার্যাবলি

শিশুরা পাট দিয়ে আকর্ষণীয় পুতুল তৈরি করা শিখবে। নিজের তৈরি পুতুল দিয়ে তার খেলার পাশাপাশি গৃহসজ্জার কাজেও ব্যবহার করতে পারবে।

### পরিকল্পিত কাজ

শিক্ষকগণ শিশুদের পাটের তৈরি কয়েকটি পুতুল দেখাবেন এবং তাদেরকে নেড়ে চেড়ে দেখতে দেবেন। তারপর পুতুলটি তৈরির পদ্ধতি সম্পর্কে আলোচনা করবেন। ৮ থেকে ১০ ইঞ্চি একগোছা পাটের দুই প্রান্ত ভাজ করে মাঝখানের অংশে কাগজ অথবা কাপড়ের দলা ঢুকিয়ে সুতা দিয়ে শক্ত করে বেঁধে পুতুলের মাথা এবং বুকের কাছে সুতা দিয়ে বেঁধে গলা এবং বুক, একখ- বেণি বুকের সাথে যুক্ত করে হাত, দুইটি বেণি নিচের অংশে যুক্ত করে পা ইত্যাদি তৈরি করবে। কালো রং করা পাট দিয়ে চুল এবং সবুজ লাল রঙ করা পাট দিয়ে পুতুলের জামা তৈরি করতে শিখবে।

### মূল্যায়ন

শিশুরা শিক্ষকদের দেখানো পাটের পুতুল দেখে সেটা তৈরি করতে পারছে কি না এবং আনন্দের সাথে তৈরি করছে কি না সে বিষয়ে শিক্ষক পর্যবেক্ষণ করবেন। এ ক্ষেত্রে কারো কাজ ভালো না হলেও নেতিবাচক কোনো মন্তব্য করা থেকে বিরত থাকতে হবে। শিশু নিজেই তার কাজের মূল্যায়ন করতে পারবে।

## পাঠ-৩

এই পাঠে শিশুরা পাটের তৈরি বেণি ব্যবহার করে শিকা তৈরি করতে শিখবে।

## শিখনফল

**১১.১.১ পাট ও পাটের রশি দিয়ে বেণি পদ্ধতিতে শিকা, ঝুড়িসহ বিভিন্ন ব্যবহার্য ও নান্দনিক সামগ্রী নির্মাণ করতে পারবে।**

## উপকরণ

পাটের বেণি।





### বিষয়বস্তু

১১.১.১ পাটের বেণি দিয়ে শিকা তৈরি।

### শিখন শেখানো কার্যাবলি

শিশুরা ১ম পাঠে শেখা পাটের বেণি দিয়ে নান্দনিক ও ব্যবহারিক শিকা তৈরি করতে শিখবে।

### পরিকল্পিত কাজ

শিক্ষকগণ শ্রেণিকক্ষে পাটের তৈরি শিকা প্রদর্শন করবেন। শিকা তৈরির পদ্ধতি, এর ব্যবহারিক দিক সম্পর্কে শিশুদের সাথে আলোচনা করবেন। শিশুরা শিক্ষকের তত্ত্বাবধানে প্রথমে পাট থেকে বেণি এবং পরে বেণি থেকে বিভিন্ন ধরনের শিকা তৈরি করবে।

### মূল্যায়ন

শিশুরা পাটের বেণি থেকে শিকা তৈরি পদ্ধতিটি সঠিকভাবে ধারণ করতে পেরেছে কি না সে বিষয়ে শিক্ষকগণ পর্যবেক্ষণ করবেন। প্রত্যেক শিশু যেন শিকা তৈরির এই পাঠ আয়ত্ত করতে পারে, সেদিকে বিশেষ নজর রাখবেন।

## পাঠ-৪

এই পাঠে শিশুরা পাটের রশি এবং বেণি দিয়ে ঝুড়ি তৈরি করতে শিখবে।

### শিখনফল

১১.১.১ পাট ও পাটের রশি দিয়ে বেণি পদ্ধতিতে শিকা, ঝুড়িসহ বিভিন্ন ব্যবহার্য ও নান্দনিক সামগ্রী নির্মাণ করতে পারবে।

### উপকরণ

পাটের রশি এবং বেণি, সুতা, কাঁচি ইত্যাদি।

### বিষয়বস্তু

১১.১.১ পাটের ঝুড়ি তৈরি।

### শিখন শেখানো কার্যাবলি

শিশুরা এই পাঠে পাটের রশি এবং বেণি দিয়ে বিভিন্ন ধরনের ঝুড়ি তৈরি করা শিখবে।



## পরিকল্পিত কাজ

শিক্ষকগণ শিশুদের পাটের তৈরি বিভিন্ন প্রকার ঝুড়ি দেখাবেন এবং এর ব্যবহৃত দিক সম্পর্কে আলোচনা করবেন। কীভাবে পাটের রশি এবং বেণি থেকে ঝুড়ি তৈরি করা যায়, সে বিষয়ে শিশুদেরকে অবহিত করবেন। কখনো কখনো পাটকে রং করে বিভিন্ন রঙের ঝুড়ি তৈরি সম্ভব, সে বিষয়ে তাদের অবহিত করবেন। পাশাপাশি শিশুদের সাথে শিক্ষকও শ্রেণিকক্ষে পাটের রশি ও বেণি দিয়ে ঝুড়ি তৈরির কাজে যুক্ত হয়ে কাজে অনুপ্রাণিত করবেন।

## মূল্যায়ন

শিশুদের একাগ্রতা, কর্মদক্ষতা, নান্দনিকবোধ ইত্যাদি বিষয়ে শিক্ষকগণ পর্যবেক্ষণ করে মূল্যায়ন করবেন।

দ্বাদশ অধ্যায়

# বিভিন্ন জিনিস রং করতে পারা

## অর্জন উপযোগী যোগ্যতা

১২.১. সংগ্রহ বা নিজের তৈরি যে কোনো জিনিস রং করতে শেখা।

## শিখন ফল

১২.১.১ কুম্ভকারদের (কুমার) তৈরি করা বিভিন্ন মৃৎপাত্র সংগ্রহ করে তাতে নিজের মতো রং করে সুসজ্জিত করতে পারবে।

১২.১.২ নিজের হাতে তৈরি বিভিন্ন খেলনা নিজের মতো রং করতে পারবে।

## পাঠ বিভাজন-২টি পাঠ

### পাঠ-১

এই পাঠে শিশুরা সংগ্রহ করা বা বাজার থেকে কেনা মৃৎপাত্র নিজের ইচ্ছেমতো রং করে সুসজ্জিত করবে।

### শিখনফল

১২.১.১ কুম্ভকারদের (কুমার) তৈরি করা বিভিন্ন মৃৎপাত্র সংগ্রহ করে তাতে নিজের মতো রং করে সুসজ্জিত করতে পারবে।

### উপকরণ

রংবিহীন মৃৎপাত্র, প্লাস্টিক রং, তুলি ইত্যাদি।



## বিষয়বস্তু

**১২.১.১** রংবিহীন মৃৎপাত্র রং করে সুসজ্জিত করা ।

## শিখন শেখানো কার্যাবলি

শিশুরা কুম্ভকারদের (কুমার) তৈরি করা রংবিহীন মৃৎপাত্র বাজার থেকে সংগ্রহ করে তাতে নিজের ইচ্ছেমতো রং দিয়ে নকশা করে সজ্জিত করবে ।

## পরিকল্পিত কাজ

এই পাঠের পূর্বে শিক্ষকগণ শিশুদের বাজার থেকে কুম্ভকারদের তৈরি রংবিহীন মৃৎপাত্র কিনে আনতে বলবেন । তারপর শিশুদের সেই পাত্রগুলো তাদের ইচ্ছেমতো বিভিন্ন রং দিয়ে অলংকৃত করবে । সে ক্ষেত্রে শিশুরা ইচ্ছে করলে সম্পূর্ণ পাত্রটি ইচ্ছেমত যে কোনো প্রলেপ দিয়ে তার উপর সরু তুলির সাহায্যে বিভিন্ন নকশা করতে পারবে । শিক্ষকগণ অলংকৃত কয়েকটি মৃৎপাত্র নমুনা হিসেবে শিশুদের সামনে উপস্থাপন করতে পারেন ।

## মূল্যায়ন

সংগ্রহ করা মৃৎপাত্র সুসজ্জিত করার ক্ষেত্রে শিশুরা কতটুকু দক্ষতা এবং একাগ্রতা প্রকাশ করছে, সে বিষয়ে শিক্ষকগণ পর্যবেক্ষণ করবেন ।

## পাঠ-২

এই পাঠে শিশুরা নিজের হাতে তৈরি যেকেনো খেলনা ইচ্ছেমতো রং করতে শিখবে ।

## শিখনফল

১২.১.২ নিজের হাতে তৈরি বিভিন্ন খেলনা নিজের মতো রং করতে পারবে ।

## উপকরণ

নিজের তৈরি যেকোনো খেলনা, প্লাস্টিক রং, তুলি ইত্যাদি ।





## বিষয়বস্তু

১২.১.১ নিজের খেলনা ইচ্ছেমতো রং করা ।

## শিখন শেখানো কার্যাবলি

এই পাঠে শিশুরা নিজের হাতে তৈরি যে কোনো ধরনের খেলনা নিজের ইচ্ছেমতো রং দিয়ে সজ্জিত করতে শিখবে ।

## পরিকল্পিত কাজ

শিশুরা বাড়ি থেকে তাদের নিজেদের হাতে তৈরি বিভিন্ন রকম খেলনা শ্রেণিকক্ষে নিয়ে আসবে । তারপর ঐ খেলনার সাথে সামঞ্জস্য রেখে বিভিন্ন রকম প্লাস্টিক রং ব্যবহার করে ইচ্ছেমতো রং করবে । তারপর সরু তুলির সাহায্যে প্রয়োজনানুসারে সূক্ষ্ম নকশা অঙ্কন করে খেলনা গুলোর সৌন্দর্য বৃদ্ধি করবে ।

## মূল্যায়ন

এই পাঠে প্রথম পর্যায়ে শিশুদের হাতের তৈরি খেলনা এবং দ্বিতীয় পর্যায়ে তাদের ইচ্ছেমতো সজ্জিত করা—দুই অংশেই প্রকাশ পাবে শিশুর সৃষ্টিশীল চিন্তা এবং সৌন্দর্যবোধ । উভয় অংশেই শিশুরা কতটুকু স্বার্থকভাবে নিজেদেরকে প্রকাশ করতে পেরেছে, শিক্ষকগণ সেই বিষয়ে পর্যবেক্ষণ করে শিখন শেখানো কাজের অগ্রগতি মূল্যায়ণ করবেন ।

ত্রয়োদশ অধ্যায়

# আধুনিক প্রযুক্তির মাধ্যমে ছবি আঁকা

## অর্জন উপযোগী যোগ্যতা

১৩.১ কম্পিউটারে ছবি আঁকা, রং করা এবং প্রিন্ট নেওয়া।

## শিখনফল

১৩.১.১ কম্পিউটারে মাউস ঘুরিয়ে ছবি আঁকতে ও রং করতে পারবে।
১৩.১.২ ছবির প্রিন্ট নিতে পারবে।

## পাঠ বিভাজন-৩টি পাঠ

## পাঠ-১


এই পাঠে শিশুরা কম্পিউটারের পেইন্ট ব্রাশ অপশনে তাদের ইচ্ছেমতো ছবি আঁকতে পারবে।

## শিখনফল

১৩.১.১ কম্পিউটারের মাউস ঘুরিয়ে ছবি আঁকতে ও রং করতে পারবে।

## উপকরণ

কম্পিউটার, প্রিন্টার ইত্যাদি।


SAMSUNG
start

### বিষয়বস্তু

১৩.১.১ আধুনিক প্রযুক্তির মাধ্যমে ছবি আঁকা।

### শিখন শেখানো কার্যাবলি

এই পাঠে শিশুরা প্রযুক্তির মাধ্যমে ছবি আঁকবে। কাগজ, পেন্সিল এবং রং দিয়ে ছবি আঁকার অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে কম্পিউটারের মাধ্যমে ছবি আঁকবে এবং রং করতে শিখবে।

### পরিকল্পিত কাজ

শিশুরা কম্পিউটার চালু করে এর পেইন্ট ব্রাশ অপশনে ঢুকে ইচ্ছেমতো মাপের কাগজ নেবে এবং হাতের সাহায্যে মাউস ঘুরিয়ে ঘুরিয়ে তাদের ইচ্ছেমতো ছবি আঁকবে। এ ক্ষেত্রে তারা সরু, মোটা যে কোনো মাপের পেনসিল বা ব্রাশ নিয়ে আঁকতে পারবে এবং ইচ্ছেমতো রং করতে পারবে।

### মূল্যায়ন

কম্পিউটারের মাধ্যমে ছবি আঁকায় শিশুরা কতটুকু সক্ষম হয়েছে শিক্ষকগণ তা যাচাই করবেন।

### পাঠ-২


এই পাঠেও শিশুরা কম্পিউটারের পেইন্ট ব্রাশ অপশনে তাদের ইচ্ছেমতো ছবি আঁকতে পারবে।

### শিখনফল

১৩.১.১ কম্পিউটারের মাউস ঘুরিয়ে ছবি আঁকতে ও রং করতে পারবে।

### উপকরণ

কম্পিউটার, প্রিন্টার ইত্যাদি।


SAMSUNG

## বিষয়বস্তু
১৩.১.১ আধুনিক প্রযুক্তির মাধ্যমে ছবি আঁকা ।

## শিখন শেখানো কার্যাবলি
এই পাঠে শিশুরা কম্পিউটারের মাধ্যমে ছবি আঁকবে এবং রং করবে ।


## পরিকল্পিত কাজ
শিশুরা পূর্বের পাঠের ন্যায় এই পাঠেও পেইন্ট ব্রাশ অপশনে গিয়ে তাদের ইচ্ছেমতো ছবি আঁকবে এবং রং করতে শিখবে । একই ড্রইং বারবার চর্চা করে মাউসের মাধ্যমে ছবি আঁকার দক্ষতা অর্জন করবে । শিশুদের পাশাপাশি শিক্ষকগণও এই মাধ্যমে ছবি এঁকে শিশুদের দেখাবেন ।

## মূল্যায়ন
মাউসের মাধ্যমে শিশুরা মসৃণভাবে ড্রইং করতে পারছে কি না এবং রং করতে পারছে কিনা সে বিষয়ের শিক্ষকগণ বিশেষ নজর দেবেন ।

## পাঠ-৩
এই পাঠেও শিশুরা প্রযুক্তির মাধ্যমে ছবি আঁকা শিখবে এবং প্রিন্ট নিতে শিখবে ।

## শিখনফল
১৩.১.২ ছবির প্রিন্ট নিতে পারবে ।

## উপকরণ
কম্পিউটার, প্রিন্টার ইত্যাদি ।


SAMSUNG
start

## বিষয়বস্তু

১৩.১.১ আধুনিক প্রযুক্তির মাধ্যমে ছবি আঁকা এবং প্রিন্ট নেওয়া।

## শিখন শেখানো কার্যাবলি

শিশুরা পেইন্ট ব্রাশ অপশনে মাউসের সাহায্যে ছবি আঁকা চর্চা করবে এবং এই ছবি সেভ করে প্রিন্ট নিতে শিখবে।

## পরিকল্পিত কাজ

শিশুরা এই পাঠে ইচ্ছেমতো ছবি আঁকা এবং রং করার পাশাপাশি পেইন্ট ব্রাশ অপশনের অন্যান্য অংশ যেমন–ছবি ছোট করা, বড় করা ইত্যাদি বিষয় শিখবে, তারপর নিজের আঁকা ছবি স্থায়ীভাবে কম্পিউটারে রাখার জন্য সেভ করা এবং প্রিন্ট নেওয়া ইত্যাদি বিষয় শিক্ষা লাভ করবে।

## মূল্যায়ন

শিশুরা পেইন্ট ব্রাশ অপশনে ছবি আঁকা শেখাসহ আনুষঙ্গিক অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয় সম্পর্কে কতটুকু জ্ঞান অর্জন করতে পেরেছে, সেভ এবং প্রিন্ট নেওয়া কতটুকু স্বার্থকভাবে করতে পারছে, সে বিষয়ে শিক্ষকগণ বিশেষ নজর রাখবেন।



রং পেনসিলে আঁকা ছবি ।



পোস্টার রঙে আঁকা ছবি ।



প্যাস্টেল রঙে আঁকা ছবি ।



রঙিন টুকরো কাপড়ে তৈরি ছবি

**সমাপ্ত**

### বিষয়বস্তু

১৩.১.১ আধুনিক প্রযুক্তির মাধ্যমে ছবি আঁকা।

### শিখন শেখানো কার্যাবলি

এই পাঠে শিশুরা প্রযুক্তির মাধ্যমে ছবি আঁকবে। কাগজ, পেন্সিল এবং রং দিয়ে ছবি আঁকার অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে কম্পিউটারের মাধ্যমে ছবি আঁকবে এবং রং করতে শিখবে।

### পরিকল্পিত কাজ

শিশুরা কম্পিউটার চালু করে এর পেইন্ট ব্রাশ অপশনে ঢুকে ইচ্ছেমতো মাপের কাগজ নেবে এবং হাতের সাহায্যে মাউস ঘুরিয়ে ঘুরিয়ে তাদের ইচ্ছেমতো ছবি আঁকবে। এ ক্ষেত্রে তারা সরু, মোটা যে কোনো মাপের পেনসিল বা ব্রাশ নিয়ে আঁকতে পারবে এবং ইচ্ছেমতো রং করতে পারবে।

### মূল্যায়ন

কম্পিউটারের মাধ্যমে ছবি আঁকায় শিশুরা কতটুকু সক্ষম হয়েছে শিক্ষকগণ তা যাচাই করবেন।

## পাঠ-২


এই পাঠেও শিশুরা কম্পিউটারের পেইন্ট ব্রাশ অপশনে তাদের ইচ্ছেমতো ছবি আঁকতে পারবে।

### শিখনফল

১৩.১.১ কম্পিউটারের মাউস ঘুরিয়ে ছবি আঁকতে ও রং করতে পারবে।

### উপকরণ

কম্পিউটার, প্রিন্টার ইত্যাদি।



### বিষয়বস্তু
১৩.১.১ আধুনিক প্রযুক্তির মাধ্যমে ছবি আঁকা ।

### শিখন শেখানো কার্যাবলি
এই পাঠে শিশুরা কম্পিউটারের মাধ্যমে ছবি আঁকবে এবং রং করবে ।


### পরিকল্পিত কাজ
শিশুরা পূর্বের পাঠের ন্যায় এই পাঠেও পেইন্ট ব্রাশ অপশনে গিয়ে তাদের ইচ্ছেমতো ছবি আঁকবে এবং রং করতে শিখবে । একই ড্রইং বারবার চর্চা করে মাউসের মাধ্যমে ছবি আঁকার দক্ষতা অর্জন করবে । শিশুদের পাশাপাশি শিক্ষকগণও এই মাধ্যমে ছবি এঁকে শিশুদের দেখাবেন ।

### মূল্যায়ন
মাউসের মাধ্যমে শিশুরা মসৃণভাবে ড্রইং করতে পারছে কি না এবং রং করতে পারছে কিনা সে বিষয়ের শিক্ষকগণ বিশেষ নজর দেবেন ।

## পাঠ-৩
এই পাঠেও শিশুরা প্রযুক্তির মাধ্যমে ছবি আঁকা শিখবে এবং প্রিন্ট নিতে শিখবে ।

### শিখনফল
১৩.১.২ ছবির প্রিন্ট নিতে পারবে ।

### উপকরণ
কম্পিউটার, প্রিন্টার ইত্যাদি ।


SAMSUNG

## বিষয়বস্তু

১৩.১.১ আধুনিক প্রযুক্তির মাধ্যমে ছবি আঁকা এবং প্রিন্ট নেওয়া।

## শিখন শেখানো কার্যাবলি

শিশুরা পেইন্ট ব্রাশ অপশনে মাউসের সাহায্যে ছবি আঁকা চর্চা করবে এবং এই ছবি সেভ করে প্রিন্ট নিতে শিখবে।

## পরিকল্পিত কাজ

শিশুরা এই পাঠে ইচ্ছেমতো ছবি আঁকা এবং রং করার পাশাপাশি পেইন্ট ব্রাশ অপশনের অন্যান্য অংশ যেমন–ছবি ছোট করা, বড় করা ইত্যাদি বিষয় শিখবে, তারপর নিজের আঁকা ছবি স্থায়ীভাবে কম্পিউটারে রাখার জন্য সেভ করা এবং প্রিন্ট নেওয়া ইত্যাদি বিষয় শিক্ষা লাভ করবে।

## মূল্যায়ন

শিশুরা পেইন্ট ব্রাশ অপশনে ছবি আঁকা শেখাসহ আনুষঙ্গিক অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয় সম্পর্কে কতটুকু জ্ঞান অর্জন করতে পেরেছে, সেভ এবং প্রিন্ট নেওয়া কতটুকু স্বার্থকভাবে করতে পারছে, সে বিষয়ে শিক্ষকগণ বিশেষ নজর রাখবেন।



রং পেনসিলে আঁকা ছবি ।



পোস্টার রঙে আঁকা ছবি ।



প্যাস্টেল রঙে আঁকা ছবি ।



রঙিন টুকরো কাপড়ে তৈরি ছবি

সমাপ্ত